GOVERNMENT OF INDIA
NATIONAL LIBRARY, CALCUTTA

Class No. 182. Mc.
Book No. 83. 2.
N. L. 38.
Rare Book
MGIPC—S1—19 LNL/62—27-3-63—100,000.

182. Mc. 83. 2

ROBINSON'S GRAMMAR

OF HISTORY

L.M.

৭৬১
Robinson (Rev. William)

অর্থাৎ

রাবিন্‌সন্‌ কর্তৃক ইতিহাসসারসংগ্রহ

কলিকাতা ইণ্ডিজিনস্‌লিটররি সভা

কর্তৃক

গৌড় সাধু ভাষায়

কমিটি আব্‌ পবলিক্‌ ইন্‌ষ্ট্রক্‌শনের আদে

প্রকাশিত হইল।

---

কলিকাতা

লেবেণ্ডিয়র্‌ সাহেবের মুদ্রাযন্ত্রে মুদ্রাঙ্কিত

১৮৩২

NATIONAL LIBRARY
No. Gmp 4387
DATE 9/10/89
CALCUTTA

182. Mc. 88.2.
Rare Book

# আরম্ভ সূচনা

১ যাহাতে পূর্ব্বকালীন উপাখ্যান কিম্বা বিবরণ রচিত থাকে তাহাকে ইতিহাস গ্রন্থ কহা যায়। ইতিহাসবক্তার এই কর্ম্ম যে তিনি নানাজাতীয় লোকের রাজ্য পরিবর্ত্তনাদির উদ্দেশ করিয়া বর্ণন করেন ও যথার্থরূপে সকলের বৃত্তান্ত ব্যক্ত করেন এবং সকল কর্ম্মের কারণানুসন্ধান করিয়া তাহার ফল প্রকাশ করেন।

২ পূর্ব্বকালে ইতিহাস জানিবার উপায় কেবল পরম্পরাসিদ্ধ গল্প ছিল এবং বৃহৎ২ কর্ম্মসমূহের স্মরণ থাকিবার নিমিত্তে লোকসমাজে তত্তদ্বিষয়ের আখ্যান হইত।

৩ পূর্ব্বকালীন বৃহৎ২ ঘটনার স্মরণ রাখিবার উপায়ান্তর ইতিহাসসূচক কবিতা ছিল ইহা ভট্টদিগের কর্ম্ম সোপান হয় এবং ঐ কবিতা রচনা করাই কেবল তাহারদিগের ব্যবসায় ছিল।

৪ অপর স্তম্ভাদিনির্ম্মাণদ্বারা ও ইতিহাসের স্মরণ থাকিত অর্থাৎ কোন অদ্ভুত ঘটনা হইলে তৎস্মরণার্থ স্তম্ভ ও উত্তমং প্রাসাদাদি নির্ম্মিত হইত।

৫ মুদ্রা ও মুদ্রিত অলঙ্কার ও শাসন* ইতিহাসসূচক স্তম্ভতুল্য ছিল কিন্তু জ্ঞানের অধিক প্রাচুর্য্য হওনাবধি লিখন ও পঠন ও রাজকীয় নিয়মাদিদ্বারা বৃত্তান্ত সকল ধারামত প্রচরিত হইয়া চিরস্মরণীয় হইল।

৬ ইতিহাস এই কএক প্রকারে বিভক্ত হইতে পারে। যথা সাধারণ ও বিশেষ অথবা দেশ সম্বন্ধীয় ও যুদ্ধসম্বন্ধীয় ও ধর্ম্মবিষয়ক। যাহাতে জাতিসমূহের ও তাহারদিগের রাজ্যবিষয়ক তাবৎ বৃত্তান্ত ব্যক্ত হয় সেই সাধারণ ইতিহাস এবং যাহাতে ব্যক্তিবিশেষের ও কালবিশেষের বৃত্তান্তমাত্র জানা যায় সেই বিশেষ ইতিহাস এবং কাল সহকারে ঐ সকল ইতিহাস প্রাচীন নব্যহয়।

৭ যথা পৃথিবীর সৃষ্টি কালাবধি ক্রিষ্টিয়ান ৮০০ শকে শারলমেনের যে রাজত্বকাল অর্থাৎ

*কোন ধাতু বা প্রস্তরাদির উপর খোদিত কর্ম্মবিশেষের বৃত্তান্ত।

যে কালের মধ্যে রুম্‌রাজ্যের হ্রাস ও ধ্বংস হয়, সেই পর্য্যন্তের বিবরণ প্রাচীন ইতিহাস। তাহার পর অবধি বর্ত্তমানকাল পর্য্যন্তের উপাখ্যানকে নব্য ইতিহাস কহা যায়।

৮ জলপ্লাবন এবং আসাইরিয়া ও পার্শিয়া ও গ্রীস্‌ ও রুম্‌ এই চারি মহারাজ্যের সৃষ্টি ও স্থিতি এবং প্রলয় হওন জন্য যে সকল যুদ্ধ ও উপপ্লব ও অন্য২ ঘটনা হইয়াছিল তাহার দ্বারা প্রাচীন ইতিহাস অতিপ্রসিদ্ধ হইয়াছে।

৯ ক্রিষ্টিয়ান্‌ ও মুসলমান্‌ ধর্ম্মের প্রচার ও প্রাদুর্ভাব ও ফিউডেল্‌ সিষ্টেম্‌নামক রাজকীয় নিয়মবিশেষ ও ক্রূসেড্‌ অর্থাৎ জিরুসেলমনামক নগর উদ্ধারার্থে যুদ্ধ ও স্পিরিট্‌ আব্‌ শিবল্‌রি অর্থাৎ অশ্বারূঢ হইয়া লোকেরদিগের নানা দেশ ভ্রমণোৎসাহ ও মুদ্রাযন্ত্রের সৃষ্টি ও রিফার্মেশন্‌ অর্থাৎ সদ্ধর্ম্মসংস্থাপন ও আমেরিকা নামক মহাদ্বীপ প্রকাশ এবং বিদ্যার পুনঃপ্রাদুর্ভাব এই সকল কর্ম্মদ্বারা নব্য ইতিহাস প্রসিদ্ধ হয়।

১০ ঈশ্বরের প্রিয়পাত্র অর্থাৎ জিউজাতির দিগের উপাখ্যান যেরূপ প্রাচীন ও নব্য টেষ্টমেণ্টে অর্থাৎ ধর্ম্মপুস্তকে লিখিত আছে তাহা ধর্ম্ম বিষয়ক ইতিহাস এবং কবিতা ও মুদ্রা ও শাসন ও ইতিহাসবক্তারদিগের গ্রন্থ হইতে প্রাপ্ত যেই বিবরণ তাহা সাংসারিক ইতিহাসের অন্তর্গত।

১১ সাধারণ ইতিহাস কএক যুগে বিভক্ত হইয়াছে তাহার প্রত্যেক যুগে এক২ প্রলয় কিম্বা উপপ্লব সৃষ্টিমধ্যে কিম্বা রাজ্যমধ্যে অথবা জাতি সকলের মধ্যে উপস্থিত হইয়াছিল।

১২ সৃষ্টি অবধি জলপ্লাবন পর্য্যন্ত যে সকল ব্যাপার হইয়াছিল তাহা প্রথম যুগান্তঃপাতী।

১৩ সৃষ্টির ন্যূনাতিরেক ১৬৫৬ বৎসরের পরে জলপ্লাবন হয় তদবধি দ্বিতীয় যুগারম্ভ এবং সাংসারিক ইতিহাসারম্ভ পর্য্যন্ত তাহার সীমা। বেবিলোনিয়া এবং আসাইরিয়া রাজ্যের বৃত্তান্ত ও কার্থেজ ও রুম রাজ্যের স্থাপনা এই যুগ মধ্যবর্ত্তী হয়।

১৪ শ্রেষ্ঠ উপাধিবিশিষ্ট সাইরস রাজার সময়াবধি শ্রেষ্ঠ উপাধিবিশিষ্ট আলেক্সাণ্ডর ভূপতির সময় পর্য্যন্ত তৃতীয় যুগ।

১৫ আলেক্জাণ্ডরের মহারাজ্যহইতে যে চারি রাজ্য উৎপন্ন হয় তাহার বিবরণ এবং রুম্ ও কার্থেজ্ দেশীয় যুদ্ধবৃত্তান্ত চতুর্থ যুগে আছে।

১৬ রোমাণেরদিগের জয় ও রাজ্যের অতিশয় উন্নতি এবং ট্রেজানের মৃত্যু পর্য্যন্ত বিবরণ পঞ্চম যুগে ব্যক্ত হয়।

১৭ ট্রেজানের মৃত্যু অবধি কান্‌ষ্টাণ্টাইন্‌কর্তৃক রাজ্যবিভাগ এবং পশ্চিম মহারাজ্যের হ্রাস এবং ধ্বংস পর্য্যন্ত ষষ্ঠ যুগ।

১৮ কান্‌ষ্টাণ্টাইনের রাজত্ব ও পশ্চিম রাজ্য বিনাশাবধি শারল্‌মেনের অধিকার পর্য্যন্ত সপ্তম যুগ।

১৯ ক্রিষ্টিয়ান্ ৬২২ শকে মহম্মদের পলায়নাবধি টর্ক ও সারাসেন্ জাতিরদিগের জয় ও সাংসারিক বিষয়ে রুমীয় মহামহা ধর্ম্মাধ্যক্ষের আধিপত্যস্থাপন এবং জিরূসেলম্ নগর উদ্ধারার্থ যুদ্ধ পর্য্যন্ত অষ্টম যুগ।

২০ জিরূসেলম্ নগর উদ্ধারার্থ যুদ্ধাবধি আমেরিকানামক মহাদ্বীপ প্রকাশ ও সদ্ধর্ম্ম সংস্থাপন পর্য্যন্ত নবম যুগ।

৬

২১ ন্যূনাতিরিক্ত ক্রিষ্টিয়ান্ ১৪৫০ শকে সদ্ধর্ম্ম সংস্থাপন অবধি ফ্রেঞ্চরাজ্যের উপপ্লব ও নেপোলিয়ন্ রাজার রাজ্যবিনাশ পর্য্যন্ত পৃথিবীর যে ইতিহাস তাহা দশম যুগান্তর্গত ।

# প্রাচীন ইতিহাস।

## সৃষ্টিঅবধি ভাষার বিভিন্নতা পর্য্যন্তের বিবরণ।

২২ ক্রাইষ্ট জন্মিবার ৪০০৪ বৎসর পূর্ব্বে পরমেশ্বর ৬ দিনে পৃথিবী সৃষ্টি করিয়া কহিলেন যে তাবৎ বস্তুই অতি উত্তম হইয়াছে।

২৩ পয়ে পৃথিবীর সৃষ্টির ১৬৫৬ বৎসর পরে ও ক্রাইষ্টের জন্মের ২৩৪৮ বৎসর পূর্ব্বে এক মহাজলপ্লাবনদ্বারা পূর্ব্বকালীন লোকেরদিগের পাপের দণ্ড হইয়াছিল ঐ জলপ্লাবনে নোয়া ও তাঁহার পরিবার ব্যতিরিক্ত তাবৎ মনুষ্যই নষ্ট হইয়াছিল।

২৪ ঐ সর্ব্বসাধারণ উৎপাতদ্বারা মনুষ্যের আয়ুঃ অত্যন্ত ক্ষীণ হয় ওনানা উৎকট রোগ, জন্মে যদ্দ্বারা অদ্যাবধি মনুষ্যজাতির অতিশয় ধ্বংস হইতেছে।

২৫ নোয়ার তিন পুত্র জাফেট্ ও হাম্ ও শেম ইঁহারদিগের দ্বারা প্রথম জাতির সৃষ্টি হয় পশ্চিম দিকের অনেক অংশে জাফেট্ কর্তৃক বসতি

হয় এবং হাম্ ইজিপ্টদেশের লোককর্তৃক দেবতার ন্যায় পূজিত হইয়াছিলেন এবং শেম্ আপনার সন্তান হিব্রুজাতিরদিগের নিকটে দেবতার ন্যায় মান্য ছিলেন ।

২৬ অনন্তর মনুষ্যেরা এতাদৃশ এক গৃহনির্ম্মাণ করিতে অনর্থক চেষ্টা পাইয়াছিল যে তাহার চূড়া গগণস্পর্শ করে এইপ্রযুক্ত পরমেশ্বর তাহারদিগের মধ্যে ভাষার বিভিন্নতা করিলেন তাহাই মনুষ্যের-দিগের প্রথম ছিন্নভিন্ন হইবার কারণ ।

২৭ এই অনুমান হয় যে যে দুই রাজ্যের নাম এক্ষণে আসাইরিয়া ও বেবিলোনিয়া হইয়াছে তাহাতে জলপ্লাবনের পর নিম্‌রোড্ প্রথম রাজা হইয়াছিলেন ।

## টিপ্পনী ।

১ ইহার পূর্ব্বে তাবৎ বিদ্যাই মুখভারতীতে ছিল ও গল্প গীতের্দ্বারা পিতা পুত্রেরদিগকে বিদ্যাশিক্ষা করাইতেন ধারামত কোন অধ্যয়ন ছিল না বিদ্যার আদি স্থান কাল্‌ডিয়া ও ইজিপ্ট ও পেলেষ্টিন্ এবং তৎকালে প্রায় তাবৎবিদ্যাই যাজকেরদিগের হস্তগতা ছিল । মোশেস্ ও টায়াট্ যাঁহার নামান্তর টথ্ এবং জের্ডষ্ট যাহাকে সচরাচর জোরোষ্টর্ বলিত তাঁহারা এবং থেলিস্ ও পাইথাগোরাস্ এই কয় লোকের দৃষ্টান্ত এবং তাঁহারদিগের কৃতগুহ্ বিদ্যার প্রথমাবস্থায় অত্যন্ত মান্য ছিল । ইজিপ্টদেশ

মধ্যবর্ত্তি মেম্‌ফিস্ ও হিলিওপোলিস্ এবং থিব্‌স এই কয় নগর বিদ্যার প্রধান স্থান ছিল। বেবিলন্ নগরে বিলসের দ্বার খগোলবিদ্যার এক পাঠশালা এবং বিদ্যাবিষয়ক এক সভ স্থাপিতা হইয়াছিল। অনুমান হয় যে পালেস্তিন্ দেশে সেমিউয়ল্ কর্ত্তৃক কাব্যশাস্ত্র ও গীত বাদ্যাদি শিক্ষার এক পাঠশালা স্থাপিতা হইয়াছিল এবং তৎকালাবধি জুজাতিরা নানা চতুষ্পাটী সংস্থাপনা করিয়াছিল। এথেন্‌স ও স্মির্ণা ও ফোশিয়া ও কাইয়স্ এই কএক স্থানে গ্রীকজাতিরদিগের বিদ্যালয় ছিল পাইথাগোরাস্ ইটালিদেশে নানা পাঠশালাস্থাপন করিয়াছিলেন।

২ আদি উপাখ্যান সকল গল্প এবং হিতোপদেশের দ্বারা সুশোভিত হইয়া কবিতায় রচিত হইত। যে সকল ইতিহাসগ্রন্থকর্ত্তারদিগের গ্রন্থ অদ্যাবধি আছে তাঁহারদিগের মধ্যে মোসেস্‌কে অত্যন্ত প্রাচীন বলা যায়। হিব্রুজাতিরা যেপর্য্যন্ত পরাধীন না হইয়াছিল সেপর্য্যন্ত তাহারদিগের মধ্যে ক্রমাগত ইতিহাস রচনাকারক ছিল এবং ইজিপ্টদেশের বৃত্তান্ত সঙ্কেতবাক্যে লিখিতা হইত তাহার অর্থ কেবল যাজকেরাই বুঝিতেন। হিরাডোটসের লিখনদ্বারা বোধ হয় যে পূর্ব্বকালে ফিনিশিয়া দেশস্থ লোকেরদিগের মধ্যেও ইতিহাসবক্তা ছিল কিন্তু তাহারদিগের মধ্যে কেবল সেঙ্কোনিয়েথনের নাম আমরা অবগত আছি তৎকালে যে সকল ইতিহাসবক্তা ছিলেন তাঁহারদিগের সর্ব্বাপেক্ষায় হিরাডোটস্ ও থিউসিডাইডিস্ ও জেনোফন্ ও টিশিয়স্ নামক যে কএক জন গ্রীসদেশীয় ইতিহাস সংগ্রহকারক তাঁহারাই বড় প্রসিদ্ধ ছিলেন। এবং ওলিম্পিক্ গেম্ নামক উৎসবের দ্বারা তাঁহারা শকের নির্ণয় করিতেন।

ও ক্রাইষ্ট জন্মিবার ৩৪০ বৎসর পূর্ব্বে বাইবেল্ ইতিহাস সমাপ্ত হয়। এবং তাঁহার জন্মের ২৮৪ বৎসর পূর্ব্বে বাইবেল্ গ্রীক ভাষায় প্রকাশ হয়। পরে আথেলষ্টন্ রাজার আজ্ঞানুসারে সাকসন্ ভাষায় প্রকাশ হয় তদনন্তর ক্রিষ্টিয়ান্ ১৩৫৬ শকে ফ্রেঞ্চ ভাষায় প্রকাশ হয় ও ক্রিষ্টিয়ান্ ১৪৯২ শকে লাটিন্ ভাষায় বাইবেল্ প্রথম মুদ্রিত হয়। এবং এই কথিত আছে যে দ্বিতীয় রিচার্ডের রাজত্ব কালীন কারণওয়াল্ দেশস্থ টৃবিসেস্নামক এক ব্যক্তির দ্বারা ঐ গ্রন্থ ইংরাজী ভাষায় প্রকাশ হয়। ১৫৩৯ শকে সকলকেই বাই-বেল্ পাঠ করিবার অনুমতি হয় পরে ১৫৪৯ শক অবধি ধর্ম্মালয়ে পাঠ হইতে আরম্ভ হয়। ১৫৬৭ শকে বাইবেল্ ওয়েল্স্ ভাষায় প্রকাশ হয়। ইংরাজী ভাষায় বাইবেল্ যাহা এইক্ষণে প্রচলিত আছে তাহা ১৬১১ শকের সেপটেম্বর মাসে সমাপ্ত হয়। এবং ১৬৮৫ শকে ঐ পুস্তক আইরিশ্ ভাষায় প্রকাশ হয় এবং ১৭৫৯ শকে রম্ দেশীয় মহাং ধর্ম্মাধ্যক্ষ সকল ভাষায় প্রকাশ করিবার-অনুমতি দিয়াছিলেন।

# ইজিপ্‌ট দেশের বৃত্তান্ত।

২৮ যাঁহাকে ধর্ম্মপুস্তকে মিস্‌রেম্ কহে বোধ হয় যে তিনিই মিনিস্ ইজিপ্‌টদেশের প্রথম রাজা তিনি শিল্পবিদ্যা প্রথমে প্রকাশ করেন ও পূর্ব্বদেশের অনেক অংশের লোকেরদিগকে সভ্য করেন।

২৯ মিনিসের পরে থিবস্‌ও থিন্ ও মেম্‌ফিস্ এবং টেনেস্‌নামক চারি রাজ্যে ইজিপ্‌টদেশ বিভক্ত হইয়াছিল এবং তৎকালে লোকেরা অনেক সভ্য হইয়াছিল।

৩০ রাখাল রাজারদিগের সময়ে কিঞ্চিৎ অসভ্যতা পুনর্ব্বার জন্মিয়া ক্রাইষ্টজন্মিবার ১৬৫০ বৎসর পূর্ব্বে সিসাষ্ট্রিস্ রাজার রাজত্ব পর্য্যন্ত ছিল। ঐ রাজা ইজিপ্‌ট দেশস্থ তাবৎ ক্ষুদ্র রাজ্য একত্র করিয়া এক বৃহৎ রাষ্ট্র করিয়াছিলেন আর বিচক্ষণতাপূর্ব্বক ঐ রাজ্য শাসনের রীতি স্থাপনা করিয়াছিলেন ও ভিন্নদেশ জয় এবং স্বদেশে সদ্বিচারদ্বারা আপনি বিখ্যাত হইয়াছিলেন।

৩১ ক্রাইষ্ট জন্মিবার ৫২৫ বৎসর পূর্ব্বে কাম্বিসিস নামক পারস্য দেশীয় রাজা কর্ত্তৃক ইজিপট দেশ জয় করণ পর্য্যন্ত ঐ রাজ্যে ফেরো বংশীয় রাজারদিগের অধিকার ছিল।

৩২ ঐ রাজারদিগের রাজত্ব কালীন পিরামিড নামক শুণ্ডাকৃতি বৃহৎস্তম্ভ নির্ম্মিত হইয়াছিল বোধ হয় যে ঐ সকল স্তম্ভ কেবল মৃত রাজারদিগের স্মরণার্থ তাঁহারদিগের সমাধির উপর গ্রথিত ছিল।

৩৩ আলেক্সাণ্ডর কর্ত্তৃক ডেরাইয়সের পরাজয় হওন পর্য্যন্ত ইজিপটদেশ পারস্য রাজ্যের এক অংশ ছিল এবং ডেরাইয়সের মৃত্যুর পর টালমি লেগস নামক তাঁহার এক উপযুক্ত সেনাপতি ঐ রাজ্য স্বাধীন করিয়াছিলেন।

৩৪ তাঁহার উত্তরাধিকারিরদিগের টালমি পদবী হইয়াছিল এবং তাঁহারা সিরিয়ার ও আফ্রিকা নামক মহাদ্বীপের অনেক অংশ পর্য্যন্ত নিজরাজ্য বিস্তার করিয়াছিলেন।

৩৫ ইজিপট দেশের শেষ রাজা টালমি ডাইওনিশিয়সের ভগিনী ও ভার্য্যা ক্লিওপাটরার মৃত্যু হওয়াতে ইজিপট দেশ রোমাণেরদের রাজ্যাধীন

হইয়া তদন্তর্গত হইল এবং তাহারদিগের প্রেরিত প্রেটর্‌নামক এক বিচারকর্ত্তার দ্বারা ইজিপ্‌ট দেশ শাসিত হইতে লাগিল এই ঘটনা ক্রাইষ্ট জন্মিবার ত্রিশ বৎসর পূর্ব্বে ঘটিয়াছিল ।

## টিপ্পনী ।

১ পৃথিবীর তাবৎ আশ্চর্য্য শ্রেণীমধ্যে ইজিপ্‌ট দেশীয় স্তম্ভাকৃতি স্তম্ভ সকল এক প্রধান আশ্চর্য্য । সর্ব্বাপেক্ষ যেটা বড় স্তম্ভ তাহার এক দিকের উচ্চতা ৪৩২ হস্ত ।

২ এই ক্ষণে যে স্থানে গ্র্যাণ্ডকেরোনামক নগর স্থাপিত আছে সেই স্থানের নিকট তিনটা প্রধান স্তম্ভ ৩০০০ বৎসরের অধিক কাল পর্য্যন্ত আছে ।

৩ অনুমান হয় যে ঐ স্তম্ভ সকল মৃত ব্যক্তির স্মরণার্থ সমাধি স্থানোপরি নির্ম্মিত হইয়াছে ।

৪ যাবৎ শরীরধ্বংস না হয় তাবৎ জীবাত্মা শরীরে থাকেন এইরূপ তাহারদিগের পরমার্থশাস্ত্রে কথিত আছে বোধ হয় যে এই হেতুক তাহারা স্তম্ভ নির্ম্মাণ করিয়া তাহার মধ্যে মৃত শরীর রক্ষা করিত ।

৫ ইজিপ্‌ট দেশীয় লোকেরা পূর্ব্বকালে যে খগোলবিদ্যায় নিপুণ ছিল তাহা পূর্ব্বোক্ত স্তম্ভাকৃতি স্তম্ভ নির্ম্মাণদ্বারা ব্যক্ত হইতেছে যেহেতুক পৃথিবীর চারি দিক অনুসারে ঐ বৃহৎ স্তম্ভের চারিকোণ নির্ম্মিত আছে তাহার দ্বারা সেই স্থানের মধ্যরেখার নির্ণয় হয় ।

৬ ইজিপ্‌ট দেশে রাবণের দুর্গের ন্যায় যে স্থান আছে বোধ হয়

যে তাহা তদ্দেশীয় লোকেরদিগের দেবতাগণের বাসের এবং বিচারকর্ত্তারদিগের সাধারণ সভাস্থানের কারণ নির্ম্মিত হইয়াছিল।

৭ ঐ স্থানে তিন সহস্র গৃহ ছিল তাহার মধ্যে ১৫০০ গৃহ মৃত্তিকার তলে কেবল রাজারদিগের সমাধির কারণ অথবা দেবকুম্ভীর গণের বাসের নিমিত্ত হইয়াছিল।

৮ ইজিপ্ট দেশের মধ্যে নাইল্ নদী সকলহইতে আশ্চর্য্য তাহার জনুস্থান ইথিওপিয়া ঐ নদীর সাম্বৎসরিক বৃদ্ধিতে চতুর্দ্দিকস্থ দেশ জলময় হয় এবং অনাবৃষ্টিতেও জলাভাব থাকে না।

৯ ইহা প্রতীত আছে যে ইজিপ্ট দেশে প্রথমে ভূমিপরিমাণ বিদ্যাসৃষ্টি হয় যেহেতুক নাইল্ নদীর সাম্বৎসরিক বৃদ্ধিতে যে সকল ভূমি ডুবিয়া যাইত তাহা পুনর্নিরূপণ করিবার নিমিত্ত এই বিদ্যার উৎপত্তি হয়।

১০ ইজিপ্ট দেশীয়েরা যত্নপূর্ব্বক অঙ্কবিদ্যার চর্চ্চা করিত এবং সকলে অনুমান করে যে তাহারা খগোলবিদ্যা প্রকাশ করিয়াছিল।

১১ ইজিপ্ট দেশস্থ লোকেরা শিল্পবিদ্যায় ও ভূমিপরিমান বিদ্যায় ও যন্ত্রবিদ্যায় এবং খগোলবিদ্যায় সুশিক্ষিত ছিল এবং গ্রীক্ ও রোমাণেরা তাহারদিগের স্থানে ঐ সকল বিদ্যা শিক্ষা করিয়া অন্যং জাতির মধ্যে প্রকাশ করিয়াছিল।

১২ প্রথমে খগোলবিদ্যা ও ক্ষেত্র পরিমাণবিদ্যা ও অঙ্কশাস্ত্রেতেই মাথিমেটিক্স বিদ্যার পর্য্যবসান ছিল। কাল্ডিয়া দেশস্থ লোকেরা প্রথমে খগোলবিদ্যার অনুশীলন করেন। ক্ষেত্র পরিমাণ বিদ্যার জনুস্থান ইজিপ্ট দেশ এবং যদ্যপি ফিনিশিয়া দেশস্থ লোকেরা ডিঙ্গাদি নির্ম্মাণবিদ্যা সৃষ্টি না করিয়া থাকে তথাপি ঐ বিদ্যা তাহারদিগের কর্ত্তৃক পরিপক্ব হয়। ইজিপ্ট এবং কাল্ডিয়া দেশহইতে গ্রীক্জাতিরা ঐ সকলবিদ্যার মুলপ্রাপ্ত হয়েন পরে তাহা

থেলিস্ ও পাইথাগোরাস্ ও আনাক্সিমাগুর্ ও আনাক্সাগোরাস্ ও ইউফার্বস্ এবং প্লেটো ও তাঁহার শিষ্যেরদিগের কর্তৃক বিস্তারিত হয়।

১৩ ইজিপ্ট দেশীয় লোকেরদিগের প্রধান দেবতা ওসিরিস্ ও আইসিস্। বোধ হয় ইঁহারা সূর্য্য ও চন্দ্র হইবেন।

১৪ ইজিপ্ট দেশস্থেরা সজীব বৃষকে ওসিরিসের স্বরূপ জ্ঞান করিত এবং মস্তকে গোশৃঙ্গ ও দক্ষিণ হস্তে করতাল ও বামহস্তে জলপাত্রবিশিষ্টা এক স্ত্রীর আকৃতি করিয়া ঐ দেবতার প্রতিমূর্ত্তি করিত।

১৫ ইজিপ্টদেশস্থেরা জন্তু ও কীট ও পক্ষী এবং লিক্ ও পলাণ্ডু প্রভৃতি ফল ও তৃণাদিকেও দেবতার ন্যায় পূজা করিত।

১৬ প্রথমে তাহারাই প্রত্যেক দেবতাগণকে প্রতিদিনের ও প্রতিমাসের পৃথক২ অধিপতি করিয়া কহিত এবং জন্মক্ষণ নিরূপণ করিয়া লোকেরদের ভবিষ্যৎ শুভাশুভ নির্ণয় করিত।

১৭ ইজিপ্ট দেশের রাজার মৃত্যু হইলে তাঁহার উত্তরাধিকারিকে তৎপদপ্রাপ্ত হইয়া নিরূপিত রাজকীয় ধারানুসারে রাজকর্ম্ম করিতে হইত।

১৮ রাজা জীবদ্দশায় দেবতার ন্যায় মান্য হইতেন কিন্তু তাঁহার মৃত্যুর পর লোকেরা তাঁহার কর্ম্মের বিবেচনা করিত। যদ্যপি তাঁহার কুকর্ম্ম হইতে সৎকর্ম্ম অধিক না হইত তবে তাঁহাকে মর্য্যাদাপূর্ব্বক সমাধি দিত না।

১৯ পৃথক২ প্রদেশের পৃথক২ অধিপতি ছিল ও তাবৎ ভূমি রাজা ও যাজক ও যোদ্ধাগণের মধ্যে বিভক্ত হইত।

২০ ইজিপ্ট দেশের প্রধান বিচারস্থানে ত্রিশ জন বিচারকর্ত্তা- হইতেন প্রধান২ নগরমধ্যে যাঁহারদিগকে জ্ঞানবান ও বহুদর্শী

বোধ হইত তাঁহারদিগকেই বাছিয়া লইয়া তৎপদে অভিষিক্ত করিত।

২১ ঐ বিচারস্থানের প্রধান বিচারকর্ত্তা এক ছড়া স্বর্ণ হার গলদেশে ধারণ করিতেন সেই হারে সত্যস্বরূপ রত্নময়ী প্রতিমূর্ত্তি দোলায়মানা থাকিত।

২২ যখন ঐ বিচারস্থানহইতে কোন আজ্ঞা হইত তখন প্রধান বিচারকর্ত্তা কোন বাক্য প্রয়োগ না করিয়া জয়িরদিগকে জয়সূচনার্থ ঐ সত্যের উজ্জ্বলপ্রতিমূর্ত্তি দর্শন করাইতেন।

# আসাইরিয়ার

অর্থাৎ প্রথম মহারাজ্যের

বৃত্তান্ত।

৩৬ চারি মহারাজ্যের মধ্যে আসাইরিয়া সর্ব্বাপেক্ষায় প্রাচীন শেমের দ্বিতীয় পুত্র আশর যিনি জলপ্লাবনের পর প্রথমে ঐ দেশে বসতি করেন তাঁহার নামানুসারে ঐ দেশের নাম আসাইরিয়া হয়।

৩৭ পরে আশরের পদপ্রাপ্ত যে নাইনস্ তিনি কাল্‌ডিয়া ও বেবিলন্ রাজ্য হস্তগত করিয়া আসাইরিয়া ও বেবিলন্ এই দুই রাজ্য একত্র করিয়াছিলেন। ইহা কথিত আছে যে তিনি ইজিপ্ট ও এশিয়ানামক মহাদ্বীপের যে২ দেশ তৎকালে জানা ছিল তাহা জয় করেন এবং নাইনিবা নগর স্থাপন করিয়াছিলেন ঐ নগরের চতুঃসীমা ৩০ ক্রোশ ছিল।

৩৮ তাঁহার মরণের পর সেমিরেমিস্ নাম্নী তাঁহার বিখ্যাতা স্ত্রী তৎপদপ্রাপ্তা হইয়াছিলেন ঐ রাণী অত্যন্ত সাহসিকা ও দুষ্কর্ম্মে উদ্যোগিনী ও ভাগ্যবতী ছিলেন তিনি বেবিলন্ নগর প্রশস্ত করিয়া নানা বিধ অট্টালিকাতে সুশোভিত করত দুই শত হস্ত পরিমিত উচ্চ এক প্রাচীরদ্বারা ঐ নগর বেষ্টন করিয়াছিলেন।

৩৯ সেমিরেমিসের পর তাঁহার পুত্র নাইনিয়াস্ রাজা হয়েন তিনি ভীত ও লম্পট ছিলেন তাঁহার রাজত্বকালীন মিডিয়া ও বেবিলন্ ও পর্শিয়া নগরস্থ লোকেরা আসাইরিয়া দেশের রাজশাসনের অনধীন হইল।

৪০ আসাইরিয়ার প্রাচীন রাজারদিগের মধ্যে শেষ রাজা সার্ডানেপেলস্ যাঁহার নামান্তর কাইনেলেডান্ তাঁহার রাজ্যকালে মিডিয়া ও বেবিলন্ দেশীয় লোকেরা পর্শিয়ান্ জাতির ও অন্যান্য স্বপক্ষেরদিগের সহাযতাতে আসাইরিয়া রাজ্যের চতুর্দ্দিক আক্রমণ করিয়া আপনারদিগের পরাধীনত্ব দূর করিয়াছিলেন।

৪১ সার্ডানেপেলস্ আপন রাজ্য রক্ষার কোন উপায় না দেখিয়া রাজবাটীর মধ্যে আপনার সকল ধন রাশীকৃত করিয়া অগ্নিপ্রদানপূর্ব্বক সপরিবারে সেই অগ্নিতে প্রাণত্যাগ করিলেন এই প্রকারে ক্রাইষ্ট্ জন্মিবার ৬২৬ বৎসর পূর্ব্বে আসাইরিয়া রাজ্য বিনাশ হয়।

টিপ্পনী। আসাইরিয়া রাজ্যের বিবরণে নাইনিয়াসের মৃত্যু অবধি সার্ডানেপেলসের রাজ্য কালীন মিড্জাতিরদিগের উপপ্লব পর্য্যন্ত এই ৮০০ বৎসরের মধ্যে আসাইরিয়া রাজ্যের কোন বৃত্তান্ত পাওয়া যায় না যাহা পাওয়া যায় তাহা কেবল অনুমানসিদ্ধ।

## বেবিলন্ রাজ্যের উপাখ্যান।

৪২ পূর্ব্বকালে বেবিলন্ দেশের নাম শিনার্ ও শিনায়ার্ ইত্যাদি ছিল এবং অনুমান হয় যে ঐ স্থানে বেবেল্‌নামক উচ্চগৃহ নির্ম্মাণ হওয়াতে তাহার নাম বেবিলন্ হয় এবং কাল্ডিয়ানেরদিগের বসতিহেতুক তাহার নাম কাল্ডিয়া হয়।

৪৩ তাঁহারদিগের নাম যে কাল্ডিয়ান্ হয় সে উচিত বটে কেননা ঐ দেশে তাঁহারাই পুরোহিত ও

পণ্ডিত ছিলেন এবং খগোলবিদ্যার ও ফিলাসফী বিদ্যার অভ্যাস করণে অত্যন্ত রত ছিলেন ।

৪৪ বেবিলন্ দেশস্থ লোকেরা শিল্পবিদ্যার চর্চা করিতেন এবং খগোলবিদ্যাতে ও ক্ষেত্র পরিমাণ ও অঙ্কবিদ্যাতে ও যন্ত্রবিদ্যাতে সুপণ্ডিত ছিলেন এবং শিল্পকর্ম্মে বিশেষতঃ চিকুণের কার্য্যে খ্যাত ছিলেন ।

৪৫ আসাইরিয়া দেশের প্রথম রাজা পলের দুই পুত্র ছিল তাঁহারদিগের নাম টিগ্লাথ্ পাই লিসর্ ও নেবোনাসর্ ইঁহারদিগের মধ্যে জ্যেষ্ঠ আসাইরিয়া দেশ লয়েন ও কনিষ্ঠ বেবিলন্ রাজ্যের অধিপতি হইয়াছিলেন ।

৪৬ তাঁহারদিগের পর নেবুকাডোনোসর্ ও বেন্মিরোডাক্ রাজা হয়েন তদনন্তর নেবোপালে সার্ রাজ্যপ্রাপ্ত হয়েন ।

৪৭ অপর শেষোক্ত রাজার পুত্র শ্রেষ্ঠ উপাধি বিশিষ্ট নেবুকাড্নেজার্ অহংকৃত ও গৌরবাকাঙ্খী ছিলেন পরে বায়ুগ্রস্ত হইয়াছিলেন কিন্তু নয় বৎসরের পর পুনর্ব্বার তাঁহার জ্ঞানোদয় হয় ।

৪৮ পরে তাঁহার পত্র ইবিল্মিরোডাক্ তৎপদাভিষিক্ত হইলেন কিন্তু তাঁহার ভগিনীপতি নিরিগ্লিসার্ তাঁহাকে বধ করিয়া রাজ্য অপহরণ করিল ।

৪৯ অপর নেবোনেডিয়স্‌নামক বেবিলন্‌ দেশের শেষ রাজা যাঁহার বেল্‌শাজার্‌ নাম ডেনিএল রাখিয়াছিলেন তিনি এক দিবস স্বদেশস্থ প্রধান লোকেরদিগকে নিমন্ত্রণ করিয়া ভোজন করাইবার সময় জিরুসেলেম্‌ নগরহইতে আনীত যে সকল দেবতার পাত্র তাহা অপবিত্র করাতে ঘরের ভিত্তির উপর এই লিখন দেখিলেন যে তিনি রাজ্যভ্রষ্ট হইয়াছেন এবং মিডিয়া ও পর্শিয়া দেশীয় লোকেরা ঐ রাজ্যপ্রাপ্ত হইয়াছে ।

৫০ অপর ইহার অব্যবহিত পরেই নেবোনেডিয়স্‌ রাজা হত হয়েন ও বেবিলন্‌ রাজ্য অপহৃত হইয়া মিডিয়া দেশস্থ ডেরাইয়স্‌ সাইয়াক্‌সারেস্‌ রাজার হস্তগত হইল ।

## মিড্‌জাতির বিবরণ ।

৫১ মিডেরা জাফেটের তৃতীয় পুত্র মেডাইয়ের সন্তান ঐহার নামানুসারে তাহারা ঐ মিড্‌নাম প্রাপ্ত হয় ।



IMPERIAL LIBRARY

৫২ আসাইরিয়া রাজ্য স্থাপনকর্ত্তা পল অথবা তাঁহার অব্যবহিত পরেই যে টিগ্লাথ-পাইলিসর্ রাজা হয়েন তিনি ঐ জাতিরদিগকে পরাভূত করেন কিন্তু সেনেকরিবের রাজত্বকালীন তাহারা পুনর্ব্বার স্বাধীন হয়।

৫৩ ডিজোসিস্ ও ফ্রেয়াটিস রাজারদিগের রাজত্বের পর সাইয়াক্সারেস্ মিডিয়া রাজ্যপ্রাপ্ত হইলেন তিনি বড় সাহসী ছিলেন ও তাঁহার আশ্চর্য্য ক্ষমতা ছিল ও তিনি বেবিলনের রাজার সহিত ঐক্য করিয়া নাইনিবাদেশ সমভূমি করিয়াছিলেন এবং সমুদয় ফিনিস্ ও সিলোসাইরিয়া ও সামেরিয়া ও পর্সিস্ ও সুসিয়ানা এই কএক দেশ জয় করিয়াছিলেন।

৫৪ অপর সাইয়াক্সারেস্ স্বয়ং আরমিনিয়া ও পান্টস্ এবং কাপেডোশিয়া দেশ পরাজয় করিয়াছিলেন।

৫৫ তাঁহার পর তাঁহার পুত্র আষ্টিয়েজিস্ যাঁহাকে স্ক্রীপ্চরে অর্থাৎ ধর্ম্মপুস্তকে আহাসিউরস্ কহে তিনি তৎপদাভিষিক্ত হয়েন এবং তাঁহার

মরণানন্তর তাঁহার পুত্র ডেরাইয়স্ সাইয়াক্সারেস্ রাজ্যপ্রাপ্ত হইয়াছিলেন ।

৫৬ অপর শেষোক্ত রাজা যিনি বেবিলন্ রাজ্য প্রাপ্ত হইয়াছিলেন তাঁহার মৃত্যু হওয়াতে পর্শিয়া দেশীয় সাইরস্নামক তাঁহার ভাগিনেয় ক্রাইষ্ট জন্মিবার ৫৩৪ বৎসর পূর্ব্বে তাঁহার তাবৎ বিষয়ের উত্তরাধিকারী হইয়াছিলেন ।

## পর্শিয়ার অর্থাৎ দ্বিতীয় মহারাজ্যের বৃত্তান্ত ।

৫৭ কালভেদে পর্শিয়া দেশের নানা নাম হইয়াছে ।

৫৮ পূর্ব্বে পর্শিয়া রাজ্যের আয়তন অতিঅল্প ছিল কিন্তু শ্রেষ্ঠ উপাধিবিশিষ্ট সাইরস্কর্তৃক উত্তম রূপে সংস্থাপিত হওয়াতে সমুদয় ভারতবর্ষ ও আসাইরিয়া ও মিডিয়া ও পর্শিয়া দেশ এবং ইউক্সাইন ও কাস্পিয়ান্ সমুদ্রের নিকটবর্ত্তি যেং দেশ আছে সে সকল ঐ রাজ্যের অন্তর্গত হয় ।

৫৯ বীরত্বপ্রকাশ ও অদ্ভুত কর্ম্ম করণদ্বারা সাইরস্ শ্রেষ্ঠ উপাধিপ্রাপ্ত হয়েন ।

৬০ অপর ঐ মহারাজ সাইথিয়া দেশীয় লোকেরদিগের প্রতিকূলে যুদ্ধার্থ গমন করাতে তাঁহার শত্রুরা এক গুপ্ত স্থানহইতে হঠাৎ আক্রমণ করিয়া তাঁহাকে বধ করিল।

৬১ অপর তাঁহার পুত্র কাম্বিসিস্ যাঁহাকে ধর্ম্মপুস্তকে অর্টাজরক্সেস্ কহে তিনি পিতৃপদপ্রাপ্ত হইয়া ইজিপ্ট দেশ আপন রাজ্যের সহিত একত্র করিয়াছিলেন।

৬২ কিন্তু ঐ রাজা আপন যুদ্ধলব্ধ রাজ্য বহু কাল ভোগ করিতে পারেন নাই যেহেতুক জুপিটর্ আমন্নামক দেবতার মন্দিরস্থ দ্রব্য অপহরণ ও ঐ দেবালয় নষ্ট এবং অনেক দৌরাত্ম্য করিয়া অশ্বারোহণকালে স্বয়ং কোষনির্গত করবালের আঘাতে তাঁহার অপমৃত্যু হইল।

৬৩ পরে কাম্বিসিসের পর হিষ্টাস্পেসের পুত্র ডেরাইয়স্ ছলক্রমে রাজ্য লইয়াছিলেন।

৬৪ অপর ডেরাইয়সের রাজত্ব কালীন বেবিলন্ নগরের লোকেরা উপপ্লব করিয়াছিল তাহাতে তিনি ঐ নগর বেষ্টন করিয়া স্বায়ত্ত করেন এবং তাহার প্রাচীর ভগ্ন করিয়া তত্রস্থ লোকেরদিগের

সহিত পরাজিত লোকের ন্যায় ব্যবহার করিতে পর্শিয়ানেরদিগকে অনুমতি করিয়াছিলেন ।

৬৫ ছত্রিশ বৎসর রাজত্ব করিয়া ডেরাইয়স্ পঞ্চত্ব পাইলেন ধর্ম্মপুস্তকে তাঁহার নাম মর্য্যাদা পুরঃসরে লিখিত আছে এবং তাহাতে ব্যক্ত আছে যে তিনি ইস্‌রেলাইটেরদিগের প্রতি অনুকূল ছিলেন এবং দেবালয় উদ্ধার করিয়া জিরূসালেম্ নগরে দেবপূজার বৃদ্ধি করিয়াছিলেন ।

৬৬ ডেরাইয়স্ আপন পুত্র জর্সেসকে রাজ্যের উত্তরাধিকারী করিয়াছিলেন এই রাজা অনেক সৈন্য লইয়া গ্রীস্‌দেশের তাবদংশ জয় করিতে প্রতিজ্ঞা করত ঐ রাজ্যে যুদ্ধার্থে গমন করিয়াছিলেন কিন্তু অনেকবার যুদ্ধে পরাজিত হইয়া তাঁহাকে পর্শিয়া দেশে প্রত্যাগমন করিতে হইল । পরে সে স্থানে যথেষ্টাচার করাতে প্রজারা তাঁহার বধ করিল ।

টিপ্পনী ।। জর্সেসের সৈন্যে দশ লক্ষ যোদ্ধা ছিল এবং স্ত্রীলোক ও ভৃত্যগণের সহিত গণনায় সর্ব্বসুদ্ধা পঞ্চাশৎ লক্ষ প্রাণী ছিল ।

৬৭ অপর তাঁহার পুত্র আর্টাজর্সেস্ যাঁহার উপাধি লান্জিমেনস্ অর্থাৎ মহাবাহু তিনি রাজা হইলে পরে এথেন্স দেশস্থ লোকেরদিগের সহিত তাঁহার এমত সন্ধি করিতে হইল যে তাহাতে তিনি অপমানিত হইলেন ।

৬৮ অপর আর্টাজর্সেস্ আপন পুত্র দ্বিতীয় জর্সেস্কে আপন উত্তরাধিকারী করিয়াছিলেন তিনি কেবল ৪৫ দিন রাজত্ব করিলে পর মাদক দ্রব্য পানে বিহ্বলাবস্থায় বিনাশপ্রাপ্ত হইলেন ।

৬৯ পরে সাগ্ডিয়ানস্ রাজা হইলেন তিনি গত রাজার শ্যালক ও প্রাণহন্তা ছিলেন কিন্তু ত্বরায় নির্দ্দয়তাপূর্ব্বক হত হওয়াতে তাঁহার পাপের প্রায়শ্চিত্ত হইল ।

৭০ তাঁহার পর তাঁহার ভ্রাতা ওকস্ তৎ পদাভিষিক্ত হইয়া ডেরাইয়স্ নোথস্ নামে বিখ্যাত হইয়াছিলেন এবং তিনি আপন পুত্র আর্টাজর্সেস্ নেমনকে রাজ্য দিয়া গিয়াছিলেন ।

৭১ পরে তাঁহার পুত্র ওকস্ তৎপদাভিষিক্ত হয়েন তাঁহার রাজত্বকালে রাজ্যে বিস্তর উপপ্লব হইয়াছিল এবং বেগোয়াস্ তাঁহাকে বিষপান

করাইয়া তাঁহার মাংস কুক্কুরদিয়া ভক্ষণ করাই য়াছিল। পরে আরোগস্ যাঁহার নামান্তর আর্সিস্ ছিল তিনি তাঁহার পরীবর্ত্তে রাজা হইয়াছিলেন।

৭২ অপর ঐ রাজাকে ও ঐ বেগোয়াস্ বিষ পানদ্বারা বধ করিয়া ডেরাইয়স্ কোড়ামেনসের মস্তকে রাজমুকুটার্পণ করিয়াছিলেন।

৭৩ এই শেষোক্ত রাজার রাজত্বের দ্বিতীয় বৎসরে মাসিডন্ দেশনিবাসী শ্রেষ্ঠ উপাধি বিশিষ্ট আলেক্সাণ্ডর্ গ্রীকেরদিগের সৈন্যাধ্যক্ষ হইয়া পর্শিয়া দেশীয় লোকেরদিগের সহিত যুদ্ধ করত গ্রানিকস্ ও ইসস্ ও আরাবেলা এই তিন স্থানে ডেরাইয়স্কে পরাভূত করিয়া সমুদয় এশিয়া জয় করিয়াছিলেন ও ডেরাইয়সের আপন দুই জন সভাসদ কৃতঘ্নতাপূর্ব্বক তাঁহার বধ করিয়াছিল।

৭৪. গ্রীকেরা এইরূপ জয়ী হওয়াতে ক্রাইষ্ট জন্মিবার ৩৩০ বৎসর পূর্ব্বে পর্শিয়া রাজ্য যাহা স্বদেশীয় রাজাকর্তৃক ন্যূনাতিরেক ২০৬ বৎসর পর্য্যন্ত শাসিত হইয়াছিল তাহা তাঁহারদিগের হস্তগত হইল।

টিপ্পনী ॥ পর্শিয়াদেশের রাজার ঐকাধিপত্যপরাক্রম ছিল তিনি যাহা করিতে ইচ্ছা করিতেন তাহা কেহ অন্যথা করিতে পারিত না। পূর্ব্ব কালীন পর্শিয়া দেশস্থ লোকেরা পরিমিতাচরণ ও বীরত্ব ও শুদ্ধাচরণ এই সকলেতে বিখ্যাত ছিল কিন্তু গ্রীস্ দেশস্থেরদের সহিত যুদ্ধ করিবার পূর্ব্বে তাহারদিগের আচারের অনেক পরিবর্ত্ত হয় এবং তৎকালে তাহারা অত্যন্ত ভ্রষ্ট ও দুরাচারী হইয়াছিল পর্শিয়া রাজ্য অনেক খণ্ডে বিভক্ত ছিল তাহার প্রত্যেক খণ্ডের একং অধিপতি হইত ত্রিহারদিগের কর্ম্মের বিচার কেবল সম্রাটের নিকটে হইত পর্শিয়াদেশের বিচারের ধারা অতিসূক্ষ্ম অথচ উৎকৃষ্ট ছিল না এবং পক্ষপাতশূন্য বিচার হইত আর পূর্ব্বকালের পর্শিয়ানেরদিগের মত অতিপ্রাচীন। ঐ মত জোরোষ্টর্ স্থাপন করেন এবং তিনি জেণ্ডাবেষ্টানামক ধর্ম্মপুস্তক সংগ্রহ করিয়াছিলেন।

## গ্রীস্‌রাজ্যের উপাখ্যান।

### ১ সাইসিয়ন্ রাজ্য।

৭৫ গ্রীস্ দেশ মধ্যবর্ত্তি রাজ্যসমূহের মধ্যে সাইসিয়ন্ রাজ্য অতিপ্রাচীন ও ক্রাইষ্ট জন্মিবার ২৭৬৪ বৎসর পূর্ব্বে ইজিএলিয়স্ তথাকার প্রথম রাজা হয়েন।

## ২ আর্গস্ ও মাইসিনি রাজ্য ।

৭৬ ক্রাইষ্ট জন্মিবার ১৮৫৬ বৎসর পূর্ব্বে ইনেকস্নামক এক ব্যক্তি পিলোপনিসস্ দেশে আর্গস্ রাজ্যের রাজধানী স্থাপন করেন অপর তৎপর ক্রমবর্ত্তি রাজগণের মধ্যে একৃশিয়স্নামক এক রাজা তদ্দেশীয় রাজধানী স্থানান্তর করিয়া মাইসিনি নগরে আনিলেন । তদনন্তর হিরাক্লিডি অর্থাৎ হর্কিউলিসের সন্তানেরা ঐ রাজ্যের এবং তাবৎ প্রায়দ্বীপের কর্ত্তা হইয়াছিলেন ।

## ৩ এথেন্স রাজ্য ।

৭৭ ক্রাইষ্ট জন্মিবার ১৫৫৬ বৎসর পূর্ব্বে ইজিপ্ট দেশস্থ সিক্রাপ্সনামক এক ব্যক্তি নাইল্ নদীর তীরস্থ দেশহইতে কথকগুলিন লোক লইয়া এথেন্সদেশে আসিয়া তথাকার রাজশাসন ব্যাপার ধারাবাহিক স্থাপন করিয়াছিলেন এবং ঐ দেশে বিবাহ নির্ব্বন্ধ অলঙ্ঘ্য করিয়াছিলেন ।

৭৮ অপর ইজিপ্টদেশীয় বিচার স্থানের ধারানুসারে তিনি আরিয়োপেগস্নামক এক সর্ব্ব জন সম্মত বিচারস্থল স্থাপন করেন।

টিপ্পনী। আরণ্ডেল্ দেশহইতে আনীত পুস্তরের মধ্যে পেরোস্ কর্ত্তৃকলিখিত যে রাজবৃত্তান্ত আক্স্ফোর্ড নগরে আছে তাহাতে সিক্রোপ্সের সময়াবধি শ্রেষ্ঠ উপাধি বিশিষ্ট আলেক্সাণ্ডরের রাজ শাসন কালপর্য্যন্ত গ্রীস্দেশ সংক্রান্ত যে সকল বৃহৎকর্ম্ম হইয়াছিল তাহার শকের নির্ণয় হয়।

৭৯ এথেন্স দেশীয় শেষ রাজা যে কোড্রস্ তিনি স্বদেশের উপকারার্থে আপন প্রাণ দিয়াছিলেন তাঁহার মৃত্যুর পর এথেন্স রাজ্যস্থেরা তৎপদাভিষিক্ত করে এমত কোন উপযুক্ত লোক না পাইয়া ক্রাইষ্ট জন্মিবার ১০৬৯ বৎসর পূর্ব্বে রাজকর্ত্তৃত্ব রহিত করিল।

৮০ কিন্তু তাহারা তাঁহার পুত্র মিডন্কে আর্কন্ উপাধি দিয়া প্রধান বিচারকর্ত্তা করিয়াছিল এইরূপে এক২জন প্রধান বিচারকর্ত্তা ক্রমশঃনিযুক্ত হইতেন এবং তাঁহারদিগের মরণানন্তর তাঁহারদিগের উত্তরাধিকারিরা তৎপদপ্রাপ্ত হইতেন এই প্রকার ব্যবহার ক্রমিক তিন শত বৎসরপর্য্যন্ত ছিল। পরে ক্রাইষ্ট জন্মিবার ৭৫৪ বৎসর পূর্ব্বে

দশ২বৎসর পর্য্যন্ত ঐ কর্তৃত্বের কাল নিরূপণ হইয়াছিল। তদনন্তর ক্রাইষ্ট জন্মিবার ৬৮৪ বৎসর পূর্ব্বে প্রতিবৎসরই সম পরাক্রমবিশিষ্ট নয় জন বিচারকর্ত্তা নিযুক্ত হইতে আরম্ভ হইল।

৮১ এই সকল পরিবর্ত্তে দেশমধ্যে অসামঞ্জস্য উপস্থিত হওয়াতে লোকেরদিগের দুরবস্থা হইল। পরে ড্রেকো যিনি ক্রাইষ্ট জন্মিবার ৬২৪ বৎসর পূর্ব্বে তদ্রাজ্যের প্রধান বিচারকর্তৃত্ব পদপ্রাপ্ত হইয়াছিলেন তিনি ঐ দেশের রাজকীয় নিয়ম পরিবর্ত্ত করিয়া লঘু পাপে গুরু দণ্ড হয় এমত ব্যবস্থাদ্বারা কলহসমূহ নিবারণ করিবেন এমত মনস্থ করিয়াছিলেন বটে কিন্তু তাহাতে কোন ফল দর্শিল না।

৮২ অপর এথেন্স দেশীয় খ্যাত্যাপন্ন সোলন্‌নামক এক ব্যক্তি যিনি অত্যন্ত জ্ঞানী ও উত্তম মনুষ্য ছিলেন তিনি ক্রাইষ্ট জন্মিবার ৫৯৪ বৎসর পূর্ব্বে ঐ বিচারকর্ত্তার পদাভিষিক্ত হইয়া বিচারের রীতি ও যুদ্ধব্যবস্থার সুন্দর নিয়ম ও সুধারা স্থাপন করিয়াছিলেন ইনি অত্যন্ত জ্ঞানী ছিলেন বটে কিন্তু ঞিহার অন্তঃকরণে দৃঢ়তা ও নির্ভয়তা ছিল না যেহেতুক দেশস্থেরদিগের আচরণ ভাল হয়

এমত কোন চেষ্টা না করিয়া তাহারদিগের যে রূপ রীতির ও স্বভাবের প্রাদুর্ভাব ছিল তদনুযায়ি ব্যবস্থা স্থাপন করিয়াছিলেন।

৮৩ ঐ ড্রেকো যে২ উৎকট ব্যবস্থা করিয়াছিলেন তাহার মধ্যে কেবল মনুষ্য বধের দণ্ডবিষয়ক ব্যবস্থা ব্যতিরিক্ত আর সকলি তিনি রহিত করিয়াছিলেন এবং ঋণপরিশোধনে দুঃখি লোকেরদের অসামর্থ্যপ্রযুক্ত এক নূতন নিয়ম করিয়া তাহারদিগকে ঋণহইতে মুক্ত করিয়াছিলেন।

৮৪ তিনি এথেন্স দেশীয় লোকেরদের চারি থাকে বিভক্ত করিয়া প্রথম তিন থাকে ধনবান লোকেরদিগকে নিবিষ্ট করিয়াছিলেন এবং নির্ধনেরদিগকে চতুর্থ দলভুক্ত করিয়াছিলেন।

৮৫ সকল রাজকর্ম্মই ধনিব্যক্তিরদিগের হস্তগত হইয়াছিল কিন্তু সর্ব্বসাধারণ লোকেরদিগের যে সভায় তিনি রাজপরাক্রম অর্পিত করিয়াছিলেন তাঁহাতে রাজসংক্রান্ত বিষয়ের বিবেচনায় নির্ধনেরদিগের মতামত গ্রাহ্য হইত।

৮৬ তিনি সেনেট্‌নামক রাজকীয় মহাসভা স্থাপিত করিয়া তাহাতে চারি শত লোককে অধ্যক্ষ

করিয়াছিলেন আরিয়োপেগস্‌নামক বিচারস্থানের বিচারানন্তর পুনর্বিচার প্রার্থনীয় বিষয়ে ঐহারা বিবেচনা করিতেন এবং কোন বিষয় সর্ব্বসাধারণ সভায় অর্পিত হইবার পূর্ব্বে তাঁহারা তদ্বিষয় নিরীক্ষণ করিতেন।

৮৭ সোলন্‌ আরিয়োপেগস্‌নামক বিচারস্থানের কর্ম্মসম্পাদকেরদিগকে রাজকীয় নিয়ম রক্ষা ও প্রচলিত করিবার শক্তি এবং বিচার করিবার ক্ষমতা দিয়াছিলেন এবং রাজকোষ ও ধর্ম্মবিষয়ের অধ্যক্ষতা ও ঐ রাজ্যের বালকেরদিগের শিক্ষার ভারও এই সভাস্থেরদিগকে দিয়াছিলেন।

৮৮ এথেন্স দেশস্থেরা এই সকল নূতন ব্যবস্থার ফলভোগ করিতে কেবল আরম্ভ করিতেছিল ইতোমধ্যে ক্রাইষ্ট জন্মিবার ৫৬০ বৎসর পূর্ব্বে তদ্দেশীয় ধনী ও প্রতাপাকাঙ্ক্ষী পিসিস্‌ট্রেটস্‌ নামক এক ব্যক্তি বলক্রমে রাজপরাক্রম অপহরণ করিল তন্নিবারণে সোলন্‌ অশক্ত হইলে পিসিস্‌ট্রেটস্‌ ও তাহার সন্তানেরা পঞ্চাশৎ বৎসরপর্য্যন্ত ঐ পদ ভোগ করিল।

৮৯ ক্রাইষ্ট জন্মিবার ৪০৪ বৎসর পূর্ব্বে পিলোপনিসস্ দেশে যে যুদ্ধ হইয়াছিল তাহাতে স্পার্টা দেশীয় লোকেরদিগের হস্তে এথেন্স রাজ্য পতিত হওয়াতে তাহারা ঐ নগরের দ্রব্যাদি অপহরণ ও দুর্গাদি নষ্ট করিয়া ঐ রাজ্য শাসনার্থ ত্রিশ জন দুর্দ্দান্ত ব্যক্তিকে নিযুক্ত করিল।

৯০ অপর ক্রাইষ্ট জন্মিবার ৩৩৮ বৎসর পূর্ব্বে এথেন্স দেশস্থ লোকেরা মেসিডোনিয়া দেশীয় ফিলিপ্ রাজার অধীনত্ব স্বীকার করিয়াছিল পরে ক্রাইষ্টের ১৯৭ বৎসর পূর্ব্বে রোমানেরদিগের সাহায্যে তাহারা পুনর্ব্বার স্বাধীনত্বপ্রাপ্ত হইয়াছিল কিন্তু পাণ্টসের রাজা মিথ্রিডেটিস্ যখন রোমানেরদিগের সহিত যুদ্ধ করিয়াছিলেন তখন এথেন্স দেশস্থ লোকেরা তাঁহার পক্ষ হইয়াছিল এই কারণ সিল্লানামক রুমীয় প্রেটর্ অর্থাৎ বিচারকর্ত্তা তাহারদিগের দেশ নষ্ট করিলেন।

৯১ পরে খ্রিষ্টিয়ান ২৬৭ শকে এথেন্স দেশীয়েরা গাথ্ জাতিরদিগের হস্তে পতিত হইল এবং অবশেষে ন্যূনাতিরিক্ত ১৪৫০ শকে টর্কজাতিরদিগের বশীভূত হইয়া তদবধি উহারদিগের অমূলক ধর্ম্ম ও অত্যাচারপ্রযুক্ত আপদ্গ্রস্ত হইয়া আছে।

১ টিপ্পনী । প্রথমে গ্রীস্ দেশের শাস্ত্র অদ্ভূত উপাখ্যানের ন্যায় ছিল তাহাতে কোন স্থানে ধর্ম্মবিষয়ক ও কোন স্থানে নীতিবিষয়ক ও কোন স্থানে রাজ্যবিষয়ক উপাখ্যান ছিল সেই প্রকার আর্ফিকস্ নামক পুস্তকে ও হোমর্ ও হিসিয়াডের গ্রন্থে পাওয়া যায় । পরে নোমিষ্টেরদিগের প্রাদুর্ভাব হইল তাঁহারা গ্রীস্ দেশের সাত জন জ্ঞানীরূপে খ্যাত ছিলেন তাঁহারদিগের মধ্যে থেলিস্নামক এক ব্যক্তির জন্ম খ্রাইষ্টের জন্মের ৬০০ বৎসর পূর্ব্বে হয় তিনি আইওনিক্ শাস্ত্র প্রকাশ করেন। পাইথাগোরাস্ ইটালি দেশের বিদ্যালয় স্থাপন করেন এবং পাইথাগোরাসের সমকালবর্ত্তি যে জিনোফেনিস্ তিনি ইলিয়াটিক্ বিদ্যালয় সংস্থাপন করেন ইহাকে ইলিয়াটিক্ বিদ্যালয় কহে কারণ ইহা মেগ্না গ্রিশিয়া দেশ মধ্যবর্ত্তি ইলিয়া নগরে স্থাপিত হইয়াছিল। অপর হিরাক্লিটস্ ঐ বিদ্যালয়ের মতাবলম্বী হইয়াও একপ্রকার নূতন মত স্থাপন করিয়াছিলেন ও তাঁহার সমকাল স্থিত লিউসিপস্ আটোমিক্ ফিলাসফি অর্থাৎ পরমাণুনিরূপক শাস্ত্র প্রকাশ করেন পরে ডিমোক্রিটস্ ঐ শাস্ত্র সুস্পষ্টরূপে বিস্তার করেন ।

২ অপর সক্রিটিসের মৃত্যু হইলে তাঁহার শিষ্যেরা পাঁচ মত সংস্থাপন করেন প্রথম আরিষ্টিপস্কর্ত্তৃক সাইরেনেক্ মত। দ্বিতীয় ফিডন্কর্ত্তৃক ইরিশিয়ন্ মত। তৃতীয় ইউক্লিড্ কর্ত্তৃক মিগারিক্ মত । চতুর্থ আন্টিস্থিনিস্কর্ত্তৃক সিনিক্ মত । পঞ্চম প্লেটোকর্ত্তৃক প্লেটোনিক্ মত যাহা তাঁহার মরণানন্তর আকাডিমিক্ স্কুল্ নামে বিখ্যাত হইয়াছিল এই পাঁচ মত স্থাপিত হয় ।

৩। গ্রাস্‌ দেশীয় কবিতা এমত প্রাচীন যে তাহা কোন কালে রচিত হইয়াছে ইহা নিরূপণ করা যায় না আর্ফিয়স্‌ ও মিউসিয়স্‌ এবং লাইনস্‌ এই তিন কবি হোমরের পূর্ব্বে জন্মিয়া ছিলেন কিন্তু হোমর কবিতা রসের সৃষ্টিকর্ত্তা যেহেতুক তিনি সর্ব্বকালে ও সর্ব্ব জাতিরদিগের মধ্যে আদি কবি ছিলেন ও তাঁহার গ্রন্থ গ্রীকেরদের মধ্যে আদি গ্রন্থ ছিল এবং বালকেরা ঐ গ্রন্থ পাঠ করিয়া নানাপ্রকার জ্ঞানোপার্জ্জন করিত।

## স্পার্টারাজ্যের উপাখ্যান ॥

৯২ স্পার্টা দেশ যাহার নামান্তর লাসিডিমন তাহাতে প্রথমে এক রাজার আধিপত্য ছিল এই রাজ্য শাসনের ধারা ক্রাইষ্ট জন্মিবার ১৭০৪ বৎসর পূর্ব্বে লিলেকস্‌ কর্ত্তৃক স্থাপিত হইয়াছিল।

৯৩ হেলেননামিকা যে টিণ্ডেরিয়সের কন্যা ও মিনিলেয়সের ভার্য্যা তাঁহার সহিত ট্রায়দেশের রাজা প্রাইআমের পুত্র পেরিস্‌ প্রসক্তি করিয়া আপন দেশে লইয়া যাওয়াতে গ্রীকেরা মিনিলেয়সের পক্ষে সকলে একত্র হইয়া ক্রমিক দশবৎসর পর্য্যন্ত ট্রায়দেশ বেষ্টন করত ক্রাইষ্ট জন্মিবার ১১৮৪ বৎসর পূর্ব্বে ঐ দেশ হস্তগত করিলেক।

৯৪ পরে যখনহিরা ক্লিডিয়া গ্রীস্‌দেশ বিভাগ করিলেন তখন তাঁহারদিগের সৈন্যাধ্যক্ষ আরিষ্টোডিমস্‌ স্পার্টাদেশ পাইয়াছিলেন।

৯৫ পরে তাঁহার দুই পুত্র ইউরিস্থিনিস এবং প্রোক্লিস্‌ তাহারা রাজ্য প্রাপ্ত হইয়া রাজ্য বিভাগ করিয়া লইলেক না এবং পর্য্যায়ানুসারেও রাজত্ব করিলেক না কিন্তু উভয়ে সম পরাক্রম বিশিষ্ট হইয়া একত্রে রাজ্য করিতে লাগিল ও বহু শত বৎসর পর্য্যন্ত অর্থাৎ যাবৎ ঐ দুই জনের বংশধ্বংস না হইল তাবৎ ঐ অদ্ভুত ও দৃশ্যবিরুদ্ধ রাজশাসনের ধারা ক্রমিক ছিল।

৯৬ পরে লাইকরগস্‌ রাজা হইয়া রাজ্যের নূতন ধারা করিলেন এবং সেনেট্‌নামক মহাসভা স্থাপন করিয়া রাজপরাক্রম খর্ব্ব করিলেন।

৯৭ রাজারা ঐ সভার প্রধান হইতেন এবং সৈন্যের অধ্যক্ষতাও করিতেন এবং তাঁহারা রাজ্যের মধ্যে প্রধান ব্যক্তি রূপে গণ্য হইতেন কিন্তু তাঁহারদিগের রাজকর্ম্মে কেবল নামমাত্র কর্তৃত্ব ছিল যেহেতুক ঐ সভ্যেরদিগের অনুমতিব্যতিরেকে তাঁহারা কোন বৃহৎকর্ম্মে প্রবৃত্ত হইতে পারিতেন না।

৯৮ সাধারণ লোকেরদিগেরও সভা হইত কিন্তু রাজকর্ম্মে তাহারদিগের কেবল নামমাত্র কর্তৃত্ব ছিল যেহেতুক সেনেট্‌নামক মহাসভাসম্পাদকেরা স্বেচ্ছানুসারে তাহারদিগকে একত্র করিতেন বিদায়ও করিতেন এবং তাহারা রাজকর্ম্মে কোনপদ পাইত না সুতরাং তাহারদিগের বাস্তবিক ক্ষমতা অতি অল্প ছিল।

৯৯ অপর যে রূপ্যমুদ্রা ও স্বর্ণমুদ্রা ঐ দেশে চলিত ছিল তাহা লাইকর্‌গস্‌ রহিত করিয়া লৌহ মুদ্রা চলন করিলেন।

১০০ তিনি রাজ্যে বাণিজ্য রহিত করিলেন ও নিরর্থক শিল্পকর্ম্মাদি নিবারণপূর্ব্বক যাহা২ অত্যাবশ্যক তাহাই কেবল নীচ লোকেরদিগকে ব্যবসায় করিতে অনুমতি করিলেন।

১০১ তৎকালে রাজা প্রভৃতি সকলকেই একত্র বসিয়া অল্পমূল্য ও যৎসামান্য দ্রব্যাদিদ্বারা মধ্যাহ্নে ভোজন করিতে হইত।

১০২ স্পার্টা দেশীয়েরা সুগঠন ও বলবান সন্তানেরদিগকে প্রতিপালন করিত এবং দুর্ব্বল ও কদাকার বালক গণকে বধ করিবার নিমিত্ত টেজিটস্‌ নামক পর্ব্বতের নীচে নিক্ষেপ করিত।

১০৩ এবং সপ্তবৎসরবয়স্ক হইলেই বালকের-

দিগকে রাজকীয় বিদ্যালয়ে পাঠাইত তথায় শাস্ত্রোক্ত কর্ম্ম ও রাজকীয় নিয়মের মান্যতা ও মনের ঔন্নত্য ও সাহস ও মৃত্যুর তুচ্ছতা এবং যশঃস্পৃহা ও স্বদেশপ্রীতি এই কএক বিষয়ে তাহারদিগের শিক্ষা হইত। সুপিতৃমরণানন্তর জাত যে কারিলেয়স্ তাঁহার প্রতি রাজ্য অর্পণ করণদ্বারা লাইকরগস্ স্বদেশের প্রতি অত্যন্ত প্রীতি প্রকাশ করিলেন কিন্তু প্রজালোকেরা সকলে একত্র হইয়া তাঁহাকে পুনর্ব্বার রাজ্যশাসনের ভার দিল।

১০৪ লাইকরগসের মৃত্যুর ন্যূনাতিরিক্ত ১৩০ বৎসর পর লোকেরা আপনারদিগের মধ্যহইতে ইফোরাইনামক পাঁচ জন বিচারকর্ত্তা প্রতিবৎসর নিয়োগ করিতে আরম্ভ করিল এবং সেনেটেরদিগকে তটস্থ করিয়া রাখিবার নিমিত্ত ঐ বিচারকর্ত্তার দিগকে অত্যন্ত পরাক্রমবিশিষ্ট করিল।

১০৫ স্পার্টা ও অন্য২ গ্রীস্ দেশীয় রাজ্য মেসিডন্ দেশীয় ফিলিপ্ রাজার রাজ্যের অধীন ভাবাপন্ন হইয়াছিল পরে ক্রাইষ্টের জন্মের ২২২ বৎসর পূর্ব্বে ঐ দেশের রাজা আন্টিগোনস্ কর্ত্তৃক একেবারে পরাজিত হইল।

## ৫ থিবিস্‌রাজ্যের উপাখ্যান।

১০৬ ক্রাইষ্টের জন্মের ১৪৪৮ বৎসর পূর্ব্বে কাড্‌মস্‌কর্তৃক থিবিস্‌ রাজ্য স্থাপিত হইল গীসদেশে তিনিই প্রথমে অক্ষরের দ্বারা লিখনের চলন করেন এবং তাঁহাকেই গ্রীক্‌ বর্ণমালার ষোল অক্ষরের প্রকাশক কহে তিনি লোকেরদিগকে নাবিক বিদ্যা ও বাণিজ্য শিক্ষা করাইয়াছিলেন।

১০৭ থিবিস্‌রাজ্যের শেষ রাজা জাম্বসের মৃত্যুর পর তথাকার লোকেরা প্রজা প্রভুত্ব রাজ শাসনের সংস্থাপন করিল।

১০৮ ঐ প্রজাপ্রভুত্ব রাজ্যের এক জন কর্ত্তা হইতেন তাঁহাকে প্লেটর্‌ কহিত তিনি বৎসরান্তে ঐ পদ পরিত্যাগ করিতেন যেহেতুক এই নিয়ম ছিল যে যদ্যপি তিনি ঐ পদ বৎসরান্তে ত্যাগ না করেন তবে তাঁহারপ্রাণদণ্ড হইবেক এবং তাঁহার পরাক্রম খর্ব্ব রাখিবার নিমিত্তে এক সভা ছিল তাহাতে সাত জন অথবা নয় জন কিম্বা এগার জন অধ্যক্ষ হইতেন ঐহাঁরদিগের উপাধি বিওটার্ক হইত।

১০৯ থিবিস্‌দেশে যে প্রজাপ্রভুত্ব কর্তৃত্ব ছিল তাহার চারিটা সভা হইত ঐ রাজ্যের নানা প্রদেশের লোকেরা ঐ সকল সভার অধ্যক্ষ হইতেন

এবং তাঁহারা রাজকীয় সকল কর্ম্মেরই বিচার করিয়া চূড়ান্ত নিষ্পত্তি করিতেন।

১১০ থিবানেরদিগের রাজকীয় নিয়মানুসারে কুৎসিত ও দুর্ব্বল বালকেরদিগকে নষ্ট করিবার বারণ ছিল।

১১১ চিরোনিয়াতে অমঙ্গলদায়ক যুদ্ধ হওন পর্য্যন্ত থিবানেরা স্বাধীন ছিল কিন্তু খ্রাইষ্টের জন্মের ৩৩৮ বৎসর পূর্ব্বে ঐ যুদ্ধে গ্রীস্ মহারাজ্যের তাবৎ প্রদেশ ফিলিপ্ রাজার হস্তগত হইল।

---

৬ মাসিডন অথবা তৃতীয় মহারাজ্যের বৃত্তান্ত।

---

১১২ আর্গস্ দেশস্থ হর্কিউলিসের বংশোদ্ভব কারেনস্নামক এক ব্যক্তি মাসিডোনিয়া রাজ্য স্থাপন করেন তাহার পূর্ব্ব সীমা ইজিয়ন্ সমুদ্র।

১১৩ ফিলিপের রাজত্বের পূর্ব্বে ঐ রাজ্য অতিসামান্য ও অগণ্য ছিল তিনি চিরোনিয়ার যুদ্ধে গ্রীস্দেশ জয় করিয়া তাহার তাবৎ প্রদেশই আপন রাজ্যের অন্তঃপাতি করিয়াছিলেন।

১১৪ ফিলিপের পর তাঁহার পুত্র শ্রেষ্ঠ উপাধি বিশিষ্ট আলেক্জাণ্ডর তৎপদে অভিষিক্ত হইলেন।

তিনি পর্শিয়া রাজ্য জয় করিয়া হেলেস্পাণ্ট অবধি ইণ্ডিস্ অর্থাৎ ভারতবর্ষ পর্য্যন্ত দেশ যুদ্ধদ্বারা আপন হস্তগত করিয়া তৃতীয় মহারাজ্য সংস্থাপন করিলেন কিন্তু তিনি ত্রয়স্ত্রিংশদ্বৎসরবয়স্ক হইয়া ত্রয়োদশবৎসর রাজ্য করণের পর বেবিলন্ দেশে অতিশয় মদ্যপানদ্বারা পঞ্চত্ব পাইলেন।

১১৫ আলেক্সাণ্ডর্ আপন উত্তরাধিকারি নির্দ্দিষ্ট না করিয়া যাওয়াতে মাসিডোনিয়া দেশের সেনাপতিরা তাঁহার যুদ্ধলব্ধ রাজ্য বিভাগ করিয়া লইলেক ইহাতে খ্রাইষ্ট জন্মিবার ৩০১ বৎসর পূর্ব্বে চারিটা মহারাজ্য স্থাপিত হয় তাহার অধিকারী টালেমি ও লাইসিমেকস্ ও কাসাণ্ডর্ এবং সিলিউকস্ এই চারি জন হইয়াছিলেন।

টিপ্পনী। আলেক্সাণ্ডর্ এবং তাঁহার পর ক্রমবর্ত্তি রাজারদিগের সময়ে বিশেষত ইজিপ্ট দেশীয় টালেমিনামক রাজারদিগের রাজত্বকালে বিদ্যার বড় প্রাদুর্ভাব হইয়াছিল যেহেতুক গ্রীস্‌দেশে লাইসিয়ম্ ও ষ্টোয়া এই দুই বিদ্যালয় ছিল এবং সেই কালে তাবৎপুস্তকাগার অপেক্ষায় আলেক্সাণ্ড্রিয়া নগরের পুস্তকাগারে অধিক পুস্তক ছিল এবং তদ্ভিন্ন পর্শিয়া রাজ্য মধ্যবর্ত্তি সুসানগরের ও এথেন্স্‌দেশে পিসিষ্ট্রেটসের ও হিরাক্লিয়া দেশে ক্লিয়ার্কসের পুস্তকালয়ও সুপ্রসিদ্ধ ছিল। ব্যাকরণ শাস্ত্রের বিশেষ চর্চ্চা আলেক্সাণ্ড্রিয়া নগরে ছিল। খ্যাত্যাপন্ন কবি যে কালিমেকস্ তিনি

এবং আপালোনিয়স্ রোডিয়স্ ও আরেটস্ ও নাইকাণ্ডর্ ও জিনোডেটস্ ও ইরাটাস্থিনিস্ ও বাইজান্শিয়ম্ দেশস্থ আরিষ্টফেনিস্ এবং সর্ব্বাপেক্ষায় খ্যাত্যাপন্ন ও বিজ্ঞ আরিষ্টার্কস্ এই কয় জন প্রধান বৈয়াকরণ ছিলেন এবং পোলিবিয়স্ ও হালিকার্ণাসস্ দেশীয় ডাইওনিশিয়স্ ও ডায়োডোরস্ সাইকিউলস্ এই কএক জন গ্রীক্ ভাষায় ইতিহাস সংগ্রহ করণে সুপ্রসিদ্ধ ছিলেন এবং নিয়ার্কস্ ও ইরাষ্টস্থিনিস্ ও নাইস্দেশীয় হিপার্কস্ ও ডাইওনিশিয়স্ পিরিজিটিস্ প্রভৃতি কএক জন প্রধান ভূগোলবেত্তা ছিলেন। প্লেটোর মতাবলম্বিলোকেরাই ক্ষেত্রপরিমাণ ও অঙ্কবিদ্যার চর্চ্চা প্রথমে করেন কিন্তু ইউক্লিড্ ঐ বিদ্যায় অত্যন্ত নিপুণ ছিলেন। তাঁহারপর ঐ বিদ্যা ব্যবসায়িরদিগের মধ্যে পর্গা দেশীয় আপালোনিয়স্ ও টেসিবিয়স্ ও হিরো এবং আর্কিমিডিস্ এই কএক জন বড় পণ্ডিত ছিলেন এবং সামস্ দেশস্থ আরিষ্টার্কস্ ও নাইস্ দেশস্থ হিপার্কস্ ও রোডস্ নামক উপদ্বীপস্থ জিমিনস্ ও আলেক্জাণ্ড্রিয়া দেশীয় সোসিগোনিস্ এই কয় জন খগোলবিদ্যায় পণ্ডিত ছিলেন আরিষ্টাটল্কর্তৃক তৎকালে ফিলাসফী বিদ্যার যেমত প্রাদুর্ভাব হইয়াছিল সেইমত তাহার পূর্ব্বে আর হয় নাই যিনোনামক এক ব্যক্তি ষ্টোইকমত স্থাপন করিয়াছিলেন ও ইপিকিউরস্ও আর একমত স্থাপন করেন লিউক্রিশিয়সের প্রসিদ্ধ কবিতায় ক্রিহাঁর ঐ মতের তাবৎ বিবরণ সুন্দররূপে লেখা আছে।

২ গ্রীকেরা কৃষিকর্ম্মে ও সাধারণ শিল্পকর্ম্মে ও বাণিজ্য ব্যবসায়েতে বিখ্যাত ছিল না কিন্তু সূক্ষ্ম২ শিল্পকর্ম্মে তৎকালের অন্য২ জাতিরদিগের অপেক্ষায় তাহারা পটু ছিল তাহারদিগের যে সকল শিল্পকর্ম্মের চিহ্ন অদ্যাপি আছে তাহা লোকেরা তত্তৎ কর্ম্মের আদর্শ

ও উত্তমতার সীমা করিয়া মানে।

৩ গৃহাদি নির্ম্মাণের যেং প্রকার সর্ব্ববাদিসম্মত উত্তম তাহার সৃষ্টি গ্রীকেরাই প্রথম করিয়াছিল তাহারা তিন প্রকার গৃহাদি নির্ম্মাণ করিত যথা ডোরিক্ ও আইওনিক্ এবং করিন্থিয়ন্। ডোরিক্ প্রকারের অট্টালিকাদি চিত্রবিচিত্ররহিত অথচ শোভাবিশিষ্ট এবং অন্য দুইপ্রকারহইতে দৃঢ় হয়। এবং আইওনিক্ প্রকারের গৃহাদি অল্পভারবিশিষ্ট ও সুদৃশ্য হয় এবং করিন্থিয়ন্ অট্টালিকাদির দ্বারা বোধহয় যে তৎকালের লোকেরা সুখাভিলাষী ও ঐশ্বর্য্যশালী ছিল।

প্রথমে ডোরিক্ আসি হইল প্রকাশ।  
সজ্জাহীন অটল শোভন সর্ব্বপাশ।  
দ্বিতীয়ে মাধুর্য্য শোভায় আয়োনিক্ আইল।  
শূন্যমার্গে স্তম্ভ তার উঠি শোভা কৈল।  
তৃতীয়ে ঐশ্বর্য্যশালী করিন্থিন্ উঠিল।  
তাহার কৌতুকী বেড় ছড়িয়াপড়িল॥

৪ গৃহাদি নির্ম্মাণ বিদ্যার ন্যায় ভাস্কর বিদ্যাও গ্রীকেরা পরিপক্ক করিয়াছিল এবং তাহারদিগের ভাস্করবিদ্যার যে চিহ্ন আছে তাহাকেই অদ্যাপি অত্যুত্তম আদর্শ করিয়া মান্য যায়।

১১৬ পার্সিয়ূসের রাজত্ব পর্য্যন্ত মাসিডোনিয়া রাজ্য ক্রমিক স্বাধীন ছিল কিন্তু তাঁহার রাজত্ব সময়ে ক্রাইষ্ট জন্মিবার ১৬৮ বৎসর পূর্ব্বে রোমানেরা ঐ দেশ জয় করিয়া আপনারদিগের রাজ্যের এক প্রদেশ করিল।

১১৭ ক্রাইষ্টের জন্মের ১৩৯২ বৎসর পর পর্য্যন্ত ঐ দেশ রুম্ রাজ্যের একাংশ ছিল পরে ঐ শকে টর্কজাতিরা চতুর্থ বাজাজেটের সময়ে সেই দেশে প্রবেশ করিয়াছিল বটে কিন্তু দ্বিতীয় আমুরাথের রাজত্বকালীন ক্রিষ্টিয়ান্ ১৪২৯ শকে তাহারা ঐ রাজ্য সমুদয় জয় করিল।

---

রুম্ অথবা চতুর্থ মহারাজ্যের উপাখ্যান।

১১৮ ক্রিষ্টিয়ান্ শকের ৭৫৩ বৎসর পূর্ব্বে রমিউলস্‌কর্ত্তৃক রুম্ নগর স্থাপিত হইয়া পলায়িত দাস ও বিচারে অপরাধি ব্যক্তির দ্বারা বসতি হইয়াছিল প্রথমতঃ সে স্থানে রাজকীয় নিয়ম ও বিচারকর্ত্তা ছিল না এবং স্ত্রীলোক অত্যল্প ছিল।

১১৯ পরে লোকেরা রমিউলস্‌কে রাজা করিলে তিনি যে সকল নীতি ও ব্যবস্থাদি স্থাপন করিলেন তাহা নিউমা ও তাঁহার পর ক্রমবর্ত্তি রাজগণের সময়ে উত্তরোত্তর উত্তম হইল।

১২০ লোকেরা ঐ রাজাকে ধর্ম্মসংরক্ষক ও রুম নগরের প্রধান বিচারকর্ত্তা এবং সৈন্যাধ্যক্ষ বলিয়া মানিত।

১২১ ঐ রাজার শরীররক্ষার্থে কতকগুলিন সৈন্য নিযুক্ত হইত এবং রাজাজ্ঞানুসারে দণ্ড করিবার নিমিত্ত ও প্রজা দমনার্থে বার জন মনুষ্য এক২ গোছা শলাকার মধ্যে বদ্ধ কুঠার ধারণ করিয়া তাঁহার অগ্রে২ গমন করিত।

১২২ সেনেট্‌নামক মহাসভা প্রবৃত্ত করা ও রাজকর্ম্ম সম্পাদনার্থে লোকেরদিগকে একত্র করা ও সৈন্যেরদিগের অধ্যক্ষতা করণ ও কোয়েষ্টর্ অর্থাৎ রাজভাণ্ডারের অধ্যক্ষ নিযুক্ত করা এই কএক বিষয়েতেই রাজার সমুদয় ক্ষমতার পর্য্যবসান ছিল।

১২৩ সেনেটের অধিপতি প্রথমে এক শত জন এবং পরে দুই শত জন করিয়া হইতেন তাঁহার দিগের দ্বারা রাজ্যের সকল কর্ম্মই নির্ব্বাহ হইত আর তাঁহারা লোকেরদিগের প্রতি পুত্রবৎ স্নেহ করিতেন তৎপ্রযুক্ত তাঁহারদিগকে লোকেরা পেটর্ অর্থাৎ পিতা বলিয়া ডাকিত।

১২৪ প্রধান২ রাজকর্ম্ম ও যাজন ক্রিয়া সম্পর্কীয় পদে প্রধান২ লোকের অর্থাৎ সেনেট্ নামক সভাপতিরদের সন্তানেরদেরই অধিকার

ছিল এবং সেনেট্ ও লোকেরদিগেরকর্তৃক তাঁহারা তত্তৎপদে নিযুক্ত হইতেন।

১২৫ সাধারণ লোকেরদিগেরও রাজকীয় বিষয়ের কর্তৃত্ব একাংশ ছিল যে হেতুক রাজা ও সেনেট্কর্তৃক যে সকল ব্যবস্থা নিরূপিত হইত তাহা গ্রাহ্য কিম্বা অগ্রাহ্য করিবার ক্ষমতা ইহার দিগের ছিল।

১২৬ সন্ধি ও যুদ্ধ সংক্রান্ত তাবৎ বিষয় ও বিচারকর্ত্তা নিয়োগ করা ও রাজপদাভিষিক্ত করাও ইহারদিগের সম্মতিব্যতিরেক হইতে পারিত না।

১২৭ কোন শত্রুর সহিত যুদ্ধ করিতে হইলে ইহারা অগ্রে প্রস্তাব করিত কিন্তু সেনেটের অধি-পতিরদিগের তত্তদ্বিষয়ে কেবল নিষেধ করিবার ক্ষমতা ছিল।

১২৮ সাধারণ লোকেরদিগের এমত ক্ষমতা ছিল যে আপনারদিগের উপরে কোন দৌরাত্ম্য না হয় এই নিমিত্ত প্রধান লোকেরদিগের প্রত্যেক দলহইতে এক২ জন বাছিয়া লইয়া আপন২ রক্ষক করিতে পারিত ঐ রক্ষকেরদিগের এই কর্ম্ম ছিল যে তাঁহারা আপন ধন ও পরামর্শদ্বারা

তাহারদিগের সাহায্য করিতেন এবং ঐ আশ্রিত গণেরাও তাঁহারদিগের উপকার চেষ্টা করিত।

১২৯ রমিউলস্ লোকেরদিগকে তিন দলে বিভক্ত করিয়াছিলেন তাহার প্রত্যেক দলে দশ থাক ছিল ও প্রত্যেক থাকে এক শত জন লোক ও তাহারদিগের এক জন অধ্যক্ষ হইত তাঁহাকে সেণ্টিউরিয়ান্ বলিয়া ডাকিত।

১৩০ তিনি রুম নগরের তাবৎ ভূমি তিন অংশ করিয়াছিলেন তাহারএকাংশ রাজ্যের ব্যয়ের কারণ ও অন্য একাংশ দেব সেবার কারণ রাখিয়াছিলেন ও তৃতীয়াংশ বিভাগ করিয়া প্রত্যেক নগরবাসিকে দুই২ একর্ করিয়া দিয়াছিলেন।

১৩১ নিউমা পম্পিলিয়স্নামক রুমদেশের দ্বিতীয় রাজা অনেক গ্রাম্যদেবতা প্রকাশ করেন এবং অনেক মন্দির নির্ম্মাণ করত ফ্লামিন্ন ও সেলাই প্রভৃতি কএকপ্রকার যাজকেরদিগের দল স্থাপিত করিয়া নানাবিধ পূজার মত প্রকাশ করিয়াছিলেন।

১৩২ ফ্লামিন্নামক যাজকেরা প্রত্যেকে কোন বিশেষ দেবতার পূজায় নিযুক্ত ছিলেন এবং সেলাইএরা দেবফলক রক্ষা করিতেন ও বেষ্টাল অর্থাৎ দেবপরিচারিকা শুদ্ধা কুমারীগণেরা হোমাগ্নি প্রজ্বলিত রাখিতেন এবং আগর্ ও আরস্পিসিস্নামক যাজকেরা পক্ষির উড্ডয়ন ও বলির নাড়ীভুঁড়ির দর্শনদ্বারা ভবিষ্যৎ ভদ্রাভদ্র কহিতেন এবং জেনস্ দেবতার মন্দিরদ্বার যুদ্ধকালে মুক্ত ও সন্ধিসময়ে রুদ্ধ থাকিত।

১৩৩ নিউমাপাম্পিলিয়সের পরে যে কএক জন ক্রমশঃ রুমদেশে রাজা হইয়াছিলেন তাঁহারদিগের নাম টলস্হাষ্টিলিয়স্ ও আংকস্মার্শস্ ও টার্কুইনিয়স্প্রিস্কস্ এবং সর্বিয়স্টলিয়স্ ছিল।

১৩৪ অপর অহংকৃত উপাধিবিশিষ্ট লুশিয়স্ টার্কুইনিয়স্নামক যে রুমদেশের ষষ্ঠ ও শেষ রাজা তাঁহার দৌরাত্ম্যপ্রযুক্ত ক্রাইষ্টের জন্মের ৫০৯ বৎসর পূর্ব্বে ব্রুটস্নামক এক ব্যক্তি তাঁহাকে দেশহইতে বহিষ্কৃত করিয়াছিল।

## ২ কান্সল্নামক রাজকর্ম্ম সম্পাদকেরদের বৃত্তান্ত।

১৩৫ পরে লোকেরা সাধারণ কর্তৃত্ব রাজশাসন স্থাপিত করিল এবং বৎসর২ দুই ব্যক্তিকে কান্সল উপাধি দিয়া বিচারকর্ত্তা নিযুক্ত করিত ইহারদিগের এই কর্ম্ম ছিল যে ধর্ম্মানুষ্ঠানের ও রাজকরের অধ্যক্ষতা করিতেন এবং সৈন্য সংগ্রহ ও তাহারদিগের উপর প্রভুত্ব করিতেন এবং রাজ্য সম্বন্ধীয় যে সকল সভা হইত তাহার সদস্য হইতেন।

১৩৬ সাধারণ লোকেরা প্রধান লোকগণকর্তৃক পীড়িত হওয়াতে অসন্তুষ্ট হইয়া ক্রমে বিরুদ্ধ আচরণ করিতে আরম্ভ করিল কিন্তু অল্পকালস্থায়ি ঐকাধিপত্য ক্ষমতাবিশিষ্ট এক২ জন ডিক্টেটর্নামক বিচারকর্ত্তা নিযুক্ত হইবাতে তাহারা শান্ত হইল।

১৩৭ অপর কএক বৎসর পরে লোকেরা আপনারদিগের দুঃখ সম্যক্ প্রকারে নিবারণ হইল না এমত বোধ করিয়া সকলে একবাক্যতায় উপপ্লব উপস্থিত করিবাতে সেনেট্নামক সভাপতিরা স্বীকার করিলেন যে লোকেরা বৎসর২ ট্রিবিউন

নামক পাচ জন নূতন বিচারকর্ত্তা আপনারা বাছিয়া নিযুক্ত করিবেক।

১৩৮ ধর্ম্মভীত লোকেরাই ঐ ট্রিবিউন্ হইতেন উপদ্রুত ব্যক্তিরদিগকে রক্ষা করা ও অপরাধ মার্জনা করা ও লোকেরদিগের শত্রুগণকে বিচার দ্বারা দোষী করা এবং আবশ্যক মতে তাবৎ রাজকীয় কর্ম্ম স্থকিত করা এই সকল কর্ম্ম তাঁহারদিগের ছিল অপর করিওলেনসের দেশ বহির্ভূত হওনানন্তর দশ২ জন করিয়া ট্রিবিউন্ পদে নিযুক্ত হইতে লাগিল।

১৩৯ পরে নূতন ব্যবস্থা স্থাপন করিবার যোগ্য দশ জন ডিসেম্বিরাইনামক বিচারকর্ত্তা নিযুক্ত হইত এক বৎসর পর্য্যন্ত ইহারদিগের ঐ ঐকাধিপত্য ক্ষমতা থাকিত এবং ঐ কালে আর২ তাবৎ বিচারকর্ত্তারা ক্ষমতারহিত হইতেন। পরে তাঁহারদিগের স্বকৃত নিয়ম দশখান পিত্তলপাত্রে মুদ্রিত করিয়া নগরের প্রকাশস্থানে রাখিয়াছিলেন।

১৪০ তদনন্তর ঐ ডিসেম্বিরাইরদিগের ঐ ঐকাধিপত্য ক্ষমতা যে চিরকাল থাকে এমত এপিয়স্ ক্লাডিয়স্ চেষ্টা করাতেই লোকেরা তাঁহার সমুচিত দণ্ড করিয়া পুনর্ব্বার কান্সল্ ও ট্রিবিউন্

নামক বিচারকর্ত্তারদিগকে নিযুক্ত করিতে আরম্ভ করিলেক।

১৪১ পরে রোমানেরদিগের মধ্যে এই সকল বিরোধ উপস্থিত হওয়াতে ব্রেনসের কর্ত্তৃত্বাধীন হইয়া গাল্ জাতিরা ইত্যবসরে ইটালি দেশ আক্রমণ করিল এবং রূম্ নগর স্থাপনাবধি ৩৯৪ শকে ঐ নগরের দ্রব্যাদিঅপহরণ করিয়া অতিশয় নিষ্ঠুরতাপূর্ব্বক তাহা ভস্মসাৎকরিল।

টিপ্পনী। রূম্ দেশীয় গ্রন্থকর্ত্তারা কহেন যে গালেরদিগের কর্ত্তৃক ঐ নগর দগ্ধ হওয়াতে তাঁহারদিগের প্রাচীন উপাখ্যানের তাবৎ পুস্তক ও বৃহৎ কর্ম্ম স্মরণার্থ যে সকল স্তম্ভ নির্ম্মিত হইয়াছিল তাহা নষ্ট হয়।

১৪২ অপর ইডাইল্স ও প্রিটর্নামক বিচারকর্ত্তারদিগের ঐ কালে নিযোগ হইতে আরম্ভ হইল এবং রাজসম্পর্কীয় গৃহাদি নির্ম্মাণকরা ও ভগ্নসংস্কার করা এবং খাদ্য দ্রব্যাদির পরীক্ষা করা এই সকল বিষয়ে ইডাইলেরদিগের ভার ছিল এবং প্রীটরেরা বিচারযোগ্য বিষয় সকল বিচার করিয়া নিষ্পত্তি করিতেন।

১৪৩ এই কালে রোমানেরা আপন প্রতিবাসি সামনাইট্ ও টারেন টাইন্‌জাতিরদিগকে এবং অন্যান্য শত্রুগণের রাজত্ব আপনারদের আয়ত্ত করিয়া রুম্ নগর স্থাপনাবধি ৪৮৩ শকে সমুদয় ইটালি দেশের কর্ত্তা হইল।

টিপ্পনী। ক্রাইষ্টের জন্মিবার ৭৫৩বৎসর পূর্ব্বে ও পৃথিবীর সৃষ্টির ৩২৫১ বৎসর পরে ও ষষ্ঠ ওলিম্পিযাডের চতুর্থ বৎসরে এপ্রেল্ মাসের বিংশতিদিনে রুম্ নগর স্থাপন হইয়াছিল। ক্রাইষ্টের জন্মের ৫০০বৎসর পূর্ব্বে ঐ রাজ্য কান্‌সল্‌নামক বিচারকর্ত্তারদিগের কর্তৃক শাসিত হইতে আরম্ভ হইল। এবং ৪৩৯ বৎসর পূর্ব্বে তদ্রাজ্যে ডিক্টেটর্‌নামক বিচারকর্ত্তা প্রথমে নিযুক্ত হয় ও ৪৫৯ বৎসর পূর্ব্বে ঐ রাজ্যে ১৩২৪১৯ জন ও ২৯৪ বৎসর পূর্ব্বে ২৭০০০০ জন ও ১৫৯ বৎসর পূর্ব্বে ৩৩৮২১৪ জন এবং ৫০ বৎসর পূর্ব্বে ৩২০০০০ জন শস্ত্র ধারণোপযুক্ত লোক ছিল। ডিসেম্বিরাইনামক দশ জন বিচারকর্ত্তা রাজকীয় নূতন ব্যবস্থা করণার্থে নিযুক্ত হইয়া ক্রাইষ্টের জন্মিবার ৪৫১ বৎসর পূর্ব্বে তৎকর্ম্ম সম্পন্ন করিয়াছিলেন ও ৩৯৪ বৎসর পূর্ব্বে ব্রেনস্‌কর্তৃক রুম্ রাজ্যের দ্রব্যাদি অপহৃত হইয়াছিল। এবং ৪৫০ বৎসর পূর্ব্বে ট্রিবিউন্ ও ইডাইল্ ইত্যাদি বিচার কর্ত্তারা ক্ষমতারহিত হইয়াছিলেন ও ৪৪৩ বৎসর পূর্ব্বে সেন্‌সর্ নামক বিচারকর্ত্তারা নিযুক্ত হয়েন। ও ৪২১ বৎসর পূর্ব্বে কান্‌সল্‌নামক বিচারকর্ত্তারদিগের পরীবর্ত্তে ঐ দেশস্থ প্রধান লোকেরদিগের দলহইতে ট্রিবিউন্ নামক বিচারকর্ত্তা হইতে আরম্ভ হইল। কিন্তু ৪১৮ বৎসর পর্ব্বে ঐ কান্‌সল্ পদ

পুনঃ স্থাপিত হইয়াছিল। অপর ক্রাইষ্টের জন্মের ৪১০ বৎসর পূর্ব্বে তিন জন কোএষ্টর্ নামক রাজকোষাধ্যক্ষ নিযুক্ত হইল ও ৪০৬ বৎসর পূর্ব্বে রোমানসৈন্যেরা প্রথমে বেতন পাইতে লাগিল। ও ৩৮৮ বৎসর পূর্ব্বে গাল্ জাতিরা আসিয়া ঐ দেশ দগ্ধ করিল। ও ৩৬৫ বৎসর পূর্ব্বে প্রেটর্ নামক বিচারকর্ত্তা প্রথমে নিযুক্ত হইতে আরম্ভ হইল ও ২০৭ বৎসর পূর্ব্বে ঐ দেশের দুর্গ ও জেনস্ নামক দেবতার মন্দির নির্ম্মাণ হইয়াছিল এবং ৮৩ বৎসর পূর্ব্বে ঐ রাজ্যের রাজধানী দগ্ধা হয় পরে ডোমিশিয়ান্ রাজা পুনর্ব্বার ঐ নগরনির্ম্মাণ করেন। অপর ক্রিষ্টিয়ান্ ৪৮ শকে ঐ নগরের বেড় ২৫ ক্রোশ ছিল ও তাহাতে ৬৯০০০০০ লোক ছিল ও ৩৩০ শকে কান্ষ্টান্টাইন্ কর্ত্তৃক কান্ষ্টাণ্টিনোপল্ নগরে রুম্ রাজ্যের রাজধানী সংস্থাপিতা হয়। এবং ৪১০ শকে গাথ্ জাতিরা ঐ নগর জয় করিয়া তাহার তাবৎ দ্রব্যাদি অপহরণ করিল ও ৪৫৫ শকে বাণ্ডাল্ জাতিরা ঐ নগর হস্তগত করে এবং ৪৭৬ শকে হিরিউলাই জাতিরা ঐ রাজ্য অধিকার করে ও ৫৩৭ শকে জষ্টিনিয়ান্ রাজার সেনাপতি বিলিসেরিয়স্ ঐ রাজ্য উদ্ধার করিলেক এবং ৫৪৭ শকে গাথ্ জাতিরা ঐ দেশে পুনর্ব্বার অধিকার করিল ও ৫৫৩ শকে ঐ রাজা পুনর্ব্বার তাহা জয় করিলেন। পরে ৭২৬ শকে রুম্ দেশীয়েরা গ্রীক্ জাতীয় রাজারদিগের প্রতিকূলে উপপ্লব করত স্বাধীন হইয়া সেনেটনামক রাজ্য সম্বন্ধীয় মহাসভাকর্ত্তৃক শাসিত হইতে লাগিল। অপর ৮০০ শকে ফ্রান্স দেশীয় রাজা সারল্ মেন্‌কে ঐ মহাসভাসম্পাদকেরা এবং তাবৎ

লোকেরাই পশ্চিম অংশের সম্রাট কহিয়া মানাতে তিনি ঐ দেশীয় পোপ্‌নামক মহাং ধর্ম্মাধ্যক্ষকে ঐ নগর অর্পণ করিলেন কিন্তু আপনি তাহার রাজা থাকিলেন তদনন্তর পোপেরা আপনারদিগকে ও ঐ নগরকে স্বাধীন করিল।

১৪৪ কার্থেজ্‌ দেশস্থ লোকেরা রোমানেরদিগের শত্রুরদিগকে আশ্রয় দেওয়াতে এক যুদ্ধ উপস্থিত হইল তাহা রূম্‌ নগর স্থাপনের ৫১৯ বৎসর পরে সমাপ্ত হইলে সিসিলি প্রভৃতি কার্থেজ্‌ রাজ্যের অধিকারস্থ উপদ্বীপ রোমানেরা আপনারদিগের রাজ্যান্তর্গত করিয়া লইলেক।

১৪৫ অপর তৎকালে কার্থেজ্‌ দেশস্থ লোকের দিগকে অনিচ্ছাপূর্ব্বক সন্ধি করিতে হইয়াছিল এই প্রযুক্ত তাহারা ত্বরায় সন্ধিভঙ্গ করত বহুসৈন্য সংগ্রহ করিয়া হানিবেল্‌নামক সেনাপতিকে তাহার অধ্যক্ষ করিল। পরে তিনি আল্প্‌নামক পর্ব্বত শ্রেণী উত্তীর্ণ হইয়া ইটালি দেশ প্রবেশ করিয়া কএক ঘোরতর সংগ্রামে রোমানেরদিগকে পরাস্ত করিয়াছিলেন।

১৪৬ কিন্তু সাহসিত্বরূপে বিখ্যাত ও বিচক্ষণ যে ফেবিয়স্‌ মাক্সিমস্‌নামক এক ব্যক্তি তিনি

ছলক্রমে সম্যক্ প্রকারে যুদ্ধ নিবারণ করাতে রুমরাজ্য রক্ষা পাইল যেহেতুক সিপিওনামক রুমীয় সেনাপতির সহিত যুদ্ধ করিবার জন্য কার্থেজ্ দেশীয়েরদের আজ্ঞানুসারে হানিবেল্কে আফ্রিকা নামক মহাদ্বীপে প্রত্যাগমন করিতে হইয়াছিল। পরে সিপিওকর্তৃক তিনি রণে সম্যক্ প্রকারে পরাভূত হইয়াছিলেন এবং ঐ যুদ্ধে পিউনিক্ নামক দ্বিতীয় সংগ্রাম সমাপ্ত হয়।

১৪৭ অপর রোমানেরদিগের বন্ধু ও স্বপক্ষ যে মাসিনিসানামক নিউমিডিয়াদেশীয় রাজা তাঁহার প্রতিকূলে কার্থেজ্ দেশীয় লোকেরদের শস্ত্রধারণ করাতে পিউনিক্নামক তৃতীয় যুদ্ধ আরম্ভ হয়। এবং কার্থেজ্ নগর শিল্পবিদ্যায় ও ঐশ্বর্য্যে এবং রাজ্যের বিস্তারিতাপ্রযুক্ত বিখ্যাত ছিল তাহা ঐ যুদ্ধের শেষে ক্রাইষ্টের জন্মের ১৪৬ বৎসর পূর্ব্বে এবং ঐ নগরস্থাপনের ৬০২ বৎসর পরে রোমানেরা নিষ্ঠুরতাপূর্ব্বক নষ্ট করিয়া ঐ রাজ্যের দ্রব্যাদি অপহরণ করত সমভূমি করিয়াছিল।

টিপ্পনী। ক্রাইষ্টের জন্মের ১২৫৯ বৎসর পূর্ব্বে টাইরিয়ান্ জাতীয় কর্ত্তৃক কার্থেজ্ নগরের পত্তনমাত্র হয় কিন্তু ন্যূনাতিরিক্ত ৮৬৯ বৎসর পূর্ব্বে ডাইডোনাম্নী রাণী তাহা নির্ম্মাণ করেন ও ১৪৬ বৎসর পূর্ব্বে ঐ নগর নাশ হয়। ক্রিষ্টিয়ান্ ৫৩৩ শকে জষ্টিনিয়ান রাজা বেণ্ডাল্জাতিরদিগকে ঐ রাজ্যহইতে দূরীভূত করেন এবং ৬৬৬ শকে সারাসেন্ জাতিরা ঐ নগর বেষ্টন করিয়া ৬৯১ শকে জয় করত পুনর্ব্বার বিনাশ করিল।

১৪৮ এই প্রকারে এক শত বৎসরের মধ্যে থ্রেস্ ও গ্রীস্ রাজ্য ও আফ্রিকানামক মহাদ্বীপ ও সিরিয়া ও আশিয়া মাইনর্দেশস্থ তাবদ্রাজ্যই ঐ প্রশস্ত মহারাজ্যের গৌরবাকাঙ্ক্ষি ও নীতি বর্জ্জিত লোকেরদিগের বশীভূত হইয়াছিল।

১৪৯ টাইবিরিয়স্ গ্রাকসের আগ্রেরিয়ান অর্থাৎ ভূমিসম্বন্ধীয় ব্যবস্থা প্রচলিত করণাভিপ্রায় ব্যক্ত করাতে ঐ দেশমধ্যে এক রণ উপস্থিত হইয়াছিল তাহাতে তিনি ও তাঁহার ভ্রাতা কেয়স্গ্রাকস্ উভয়েই নির্দ্দয় সেনেট্কর্ত্তৃক হত হইয়াছিলেন।

টিপ্পনী। পাঠকবর্গকে ইহা জানান আবশ্যক যে ঐ রাজ্যে যে সকল কুনীতি হইতে আরম্ভ হইয়াছিল তাহা শোধরাইবার নিমিত্ত টাইবিরিয়স্ ও কেয়সগ্র্যাকস্ এই উভয় রাজা অত্যন্ত ইচ্ছুক হইয়া তাবৎ রাজকর্ম্ম ও লোক লৌকিকতারহিত হয় এমত কর্ম্ম করিতে প্রবৃত্ত হইয়াছিলেন।

২ গ্র্যাকাইনামক রাজ্যের মঙ্গলেচ্ছুক যে দুই ব্যক্তি তাঁহারা উপপ্লব করাতে যে সকল বিবাদ উপস্থিত হয় তাহাতে দেশ মধ্যে নানাপ্রকার আত্মবিরোধহইতে আরম্ভ হইল এবং সাধারণ রাজকর্ত্তৃত্বের বিনাশপর্য্যন্ত এইরূপ আত্মকলহ ক্রমাগত হইয়াছিল।

১৫০ অপর আফ্রিকানামক মহাদ্বীপস্থ নিউমিডিয়া রাজ্য ও তাবৎমারিটেনিয়া দেশ রোমানেরদিগের বশীভূত হইয়াছিল।

১৫১ পরে ঐ দেশমধ্যে সিলা ও মেরিয়স্ এই উভয় জনের পরস্পর যুদ্ধ হইয়াছিল তাহাতে সিলা জয়ী হইয়া ডিক্টেটর্ উপাধি ও তৎপরাক্রম প্রাপ্ত হয়েন এবং কিছু কাল ঐ পদে থাকিয়া কোন অত্যাচার না করিয়া হঠাৎ ঐ কর্ম্ম পরিত্যাগ করিলেন ও আপনি পূর্ব্বে যে সকল অন্যায্য কর্ম্ম করিয়াছিলেন তন্নিমিত্তে বিচার প্রার্থনা করিলেন।

১৫২ তদনন্তর সিল্লার মৃত্যুর পর পাম্পি ও সীজর্ এই দুই জন অত্যুচ্চপদপ্রাপ্ত হইয়া উভয়েই স্ব২প্রতিযোগী না থাকে এমত অভিলাষী হইয়া ছিলেন পরে সেনেটেঁরদিগকে নষ্ট করিবার নিমিত্ত কাটেলাইন্ যে কুমন্ত্রণা করিয়াছিলেন তাহা সিসিরো এই সময়ে নিবারণ করাতে কাটেলাইন্ পরাজিত হইয়া হত হইলেন।

১৫৩ অপর সীজর্ সমুদয় গাল্ দেশ বশীভূত করত ব্রিটেন্ রাজ্য পর্য্যন্ত জয় করিয়া ইটালি দেশে প্রত্যাগমন করিবাতে তিনি ডিক্টেটর্ পদে অভিষিক্ত হইয়াছিলেন। তদনন্তর তাঁহার প্রতিযোগী পাম্পিকে পরাস্ত করিতে চেষ্টা করিয়া ক্রাইষ্টের জন্মিবার ৪৩ বৎসর পূর্ব্বে ফার্সেলিয়া নামক স্থানে যুদ্ধ করিয়া তাঁহাকে পরাজিত করেন। ঐ যুদ্ধেই সাধারণ রাজকর্তৃত্বের লোপ ও পাম্পির বিনাশ হয়।

১৫৪ অপর ঐ দেশের মধ্যে স্বাধীনতার চিহ্নমাত্রও রহিল না যেহেতুক সেনেট্নামক রাজকীয় মহাসভাসম্পাদকেরা তৎকালে পরাক্রমরহিত হইয়াছিলেন ও সীজরের ঐকাধিপত্য হইয়াছিল।

তিনি দশ বৎসরের নিমিত্তে কান্সলের পদ ও যাবজ্জীবন ডিক্টেটরের পদপ্রাপ্ত হইয়াছিলেন কিন্তু ব্রূটস্ এবং কাশিয়স্ তাঁহার মৃত্যু চিন্তা করত এক দল করিয়া যে বাটীতে সেনেট্ নামক রাজকীয় মহাসভা হইত সেই বাটীতে তাঁহাকে বধ করিলেক।

১৫৫ অপর মার্ক আন্টোনি ও আক্টেবিযস্ এবং লিপিডস্ এই তিন রাজ্যাপহারক একত্র হইয়া রূম্রাজ্যের তাবৎ প্রদেশ আপনারা বিভাগ করিয়া লইয়াছিল এবং ঐ রাজ্যের স্বাধীনতা রক্ষকেরদিগের মধ্যে যে অবশিষ্ট ব্রূটস্ এবং কাশিয়স্ ছিলেন তাঁহারদিগকে ফিলিপি দেশের রণস্থানে আক্রমণ করিয়া ঐ রাজ্যাপহারকেরা পরাজয় করিয়াছিল।

১৫৬ তদনন্তর আক্টেবিয়স্ ছলক্রমে লিপিডস্কে রাজ্য বহিষ্কৃতকরিয়া সার্সিয়ম্ দেশে প্রেরণ করিয়াছিল এবং আক্টিয়ম্ দেশে সমুদ্রমধ্যে ঘোরতর সংগ্রামে আন্টোনিকেও পরাজয় করেন এইরূপে ঐ দুই জনহইতে মুক্ত হইয়া ক্রাইষ্টের জন্মের ৩১ বৎসর পূর্ব্বে রূম্ রাজ্যে নিষ্কণ্টকে ঐকাধিপত্য করিতে লাগিলেন।

৩ রুমদেশীয় সম্রাট্‌দিগের বৃত্তান্ত।

১৫৭ অক্টেবিয়স আপন পিতৃব্যের পোষ্য পুত্র হওয়াতে সীজর্ নামে বিখ্যাত হইয়াছিলেন এবং সেনেটকর্ত্তৃক সম্রাট্ ও আগষ্টস্ এই দুই উপাধিপ্রাপ্ত হইয়াছিলেন। পৃথিবীর যেং অংশ লোকেরদিগের গোচর ছিল তাহার মধ্যে তৎকাল পর্য্যন্ত রোমানেরদিগের কর্ত্তৃক পরাজিত যে সকল দেশ ছিল তাহা তিনি আপন রাজ্যের সহিত সংলগ্ন করিয়া চতুর্থ মহারাজ্য স্থাপন করিলেন।

১৫৮ রুমরাজ্যের পশ্চিম সীমা আটলাণ্টিক নামক সমুদ্র ও উত্তর সীমা রাইন্ ও ডেনিউব্ এই দুই নদী ও পূর্ব্বসীমা ইউফ্রেটিস্ নদী এবং দক্ষিণ সীমা আরব্ দেশীয় ও আফ্রিকানামক মহাদ্বীপস্থ বালুকাময়ী মরুভূমি।

১৫৯ আগষ্টস্ অত্যুত্তম রাজনীতিজ্ঞ ছিলেন কিন্তু মহতের গুণ তাঁহাতে কিছুই ছিল না তিনি রাজত্বের নূতন নিয়ম করিয়া প্রজাগণকে তুষ্ট রাখিয়া ছিলেন এবং রোমানেরদিগের মধ্যে রাজকর্ত্তৃত্বে

এমত সহিষ্ণুতা করাইয়াছিলেন যে তাঁহার মৃত্যুর পর লোকেরা তাঁহাকে দেবতুল্য করিয়া মানিত।

টিপ্পনী। উত্তমোত্তম গ্রন্থকর্ত্তারদিগের প্রমাণ মতে ৭৫৪ বৎসর রুমনগর স্থাপনের পর এবং ইতরলোকে যাহাকে ক্রিষ্টিয়ান্ শক কহে তাহার ৪ বৎসর পূর্ব্বে জিজস্ ক্রাইষ্টের জন্ম হওয়াতে আগষ্টসের রাজত্বের সময় প্রসিদ্ধ হইয়াছিল।

১৬০ আগষ্টসের পর টাইবিরিয়স্ রাজা হইয়াছিলেন ইনি প্রজারদিগের প্রতি যে দৌরাত্ম্য করিতেন তাহার সীমা ছিল না তিনি ত্রয়োবিংশতি বৎসর রাজত্ব করণানন্তর হত হইয়াছিলেন তদ্দ্বারা দুষ্ক্রিয়ার উপমার স্থল লোপ হইল।

টিপ্পনী। টাইবিরিয়সের রাজত্বের অষ্টাদশ বৎসরে ক্রিষ্টিয়ান্ ধর্ম্মের প্রচারকর্ত্তা জিজস্ ক্রাইষ্ট ৩৩ বৎসর বয়ঃ কালে মনুষ্য গণের পাপ মোচনার্থে ক্রাস্‌নামক যন্ত্রে আপন মৃত্যু স্বীকার করিয়াছিলেন।

১৬১ অপর টাইবিরিয়সের মৃত্যু হইলে কেয়স্ ক্যালিগিউলা রাজা হইলেন তিনি একপ্রকার চর্ম্ম-পাদুকা ব্যবহার করিতেন এই নিমিত্তে তাহার ঐ নাম হইয়াছিল তিনি অতি অধম দুরাচারী ছিলেন এবং আপন ঘোটককে মন্ত্রিত্বে বরণ করিয়া তাহার সহিত একত্র ভোজন করিতেন এবং জুপিটর্

নামক দেবতার পূজকেরদিগেকে পরিচ্ছদ পরাইয়া ঐ দেবতার মন্দিরে তাহাকে লইয়া যাইতেন।

১৬২ অপর কেয়স্ কালিগিউলার মরণানন্তর সৈন্যেরা ক্লাডিয়স্কে রাজ্যাভিষিক্ত করিলেক পরে ইনি ব্রিটেন্ দেশে যুদ্ধার্থে গমন করিয়া ঐ দেশের কারেক্টেকস্ নামক মহাবীরকেজয় করত তাঁহাকে বন্দি করিয়া রুম্ নগরে আনিয়াছিলেন।

১৬৩ অপর ক্লাডিয়সের রাণী আগ্রিপিনা আপন পুত্র নিরোর মস্তকে রাজমুকুট দিবার কারণ স্বামিকে বিষ পানদ্বারা বধকরিয়াছিলেন। নিরো অত্যন্ত লম্পট ও নিষ্ঠুর এবং উপদ্রবী ছিলেন। তিনি ১৪ বৎসর পর্য্যন্ত অত্যন্ত অত্যাচার এবং পাপ কর্ম্ম করিয়া আপন অশুভ জীবন বিনাশ করিয়াছিলেন।

১৬৪ পরে তাঁহার সেনাপতি সর্বিয়স গাল্বা রাজা হইলেন তিনি আপন অবিচার এবং নিষ্ঠুরতাপ্রযুক্ত ৭ মাস রাজত্ব করিয়া হত হইলেন।

১৬৫ তাঁহার পর ওথো রাজা হইয়া তিন মাস রাজত্ব করিয়াছিলেন ও তৎপরে পশুবৎ দুরাত্মা যে বাইটেলিয়স্ তিনি সিংহাসনো পবিষ্ট হইয়া ৮ মাস রাজত্ব করিয়াছিলেন ।

১৬৬ এই সকল রাজার পর বেস্পেশিয়ান্ বৃদ্ধাবস্থায় আপন সদ্গুণদ্বারা রাজত্বপ্রাপ্ত হয়েন তিনি জিউ জাতিরদিগের সহিত যুদ্ধ করিয়া যিরুসালেম্ নগর জয় করণানন্তর ঐ স্থানকে অত্যন্ত নিষ্ঠুরতাপূর্ব্বক ধ্বংস করিয়াছিলেন ।

১৬৭ পরে তাঁহার পুত্র টাইটস্ রাজা হইলেন তিনি আপন অসাধারণ গুণ এবং ক্ষমতা ও সুধীরতা এবং উত্তম রাজ্যশাসন করণদ্বারা বিখ্যাতছিলেন কিন্তু তাঁহার রাজত্বের তৃতীয় বৎসরে ক্রিষ্টিয়ান্ ৮১ শকে তাঁহার পর লোক প্রাপ্তি হইল ইহাতে তাঁহার ভ্রাতা তাঁহার মৃত্যুর প্রতি কারণ এমত সন্দেহ হয় ।

১৬৮ পরে ডোমিশিয়ান্ রাজা হইলো তিনি অত্যন্ত পাপিষ্ঠ এবং নিষ্ঠুর ছিলেন এবং তাঁহার দৌরাত্ম্যেতে ১৫ বৎসর পর্য্যন্ত রোমাণেরা ক্লেশিত হইয়াছিল ।

১৬৯ পরে ডোমিশিয়ানের ঘাতকগণকর্ত্তৃক কাক্সিয়স্ নর্বা রাজ্যাভিষিক্ত হইয়াই তিনি বিবেচনা করিয়া দেখিলেন যে আপনার অধিক বয়ঃপ্রযুক্ত রাজ্যের সকল উপদ্রব নিবারণ করিতে আপনি অক্ষম এই কারণ ১৬ মাস রাজত্ব করিয়া অল্পিয়স্ ট্রেজান্‌কে রাজ্যের উত্তরাধিকারিত্বে বরণ করিলেন। যে সকল গুণে এবং ক্ষমতাতে রাজসিংহাসন উজ্জ্বল হয় সে সকলি ঐ রাজপুত্রের ছিল।

১৭০ তদনন্তর তাঁহার কুটুম্ব এড্রিয়ান্ রাজা হইলেন তাঁহার শাসনেতে রাজ্য সুখসৌভাগ্যে বর্দ্ধিত হইয়াছিল তিনি শিল্পবিদ্যার পুরস্কার করিতেন ও রাজকীয় নিয়ম সুধারা করিয়া যুদ্ধ শিক্ষার উত্তম রীতি স্থাপন করিয়াছিলেন।

১৭১ অপর এড্রিয়ান্ রাজার পোষ্য পুত্র আন্টোনিনস্ রাজা হইলেন তিনি আপন গুণ ও ধর্ম্মে মতিপ্রযুক্ত এবং নির্ব্বৈরতা ও সদ্বিচার দ্বারা পাইয়স্ অর্থাৎ ধর্ম্মাত্মা উপাধিপ্রাপ্ত হইয়াছিলেন।

১৭২ পরে মার্কস্ আরিলিয়স্ আণ্টোনিনস্ রাজ্যাভিষিক্ত হইলেন তিনি ধর্ম্মাত্মা ও জ্ঞানী এবং পণ্ডিত ছিলেন ও তাঁহাকে দেবতার ন্যায় দয়াময় বোধ হইত যেহেতুক তিনি সর্ব্বত্র সুখ সৌভাগ্য বিস্তার করিয়াছিলেন ।

১ টিপ্পনী । আগুষ্টসের পর ক্রমবর্ত্তি রাজারা বিদ্যাপ্রিয় ছিলেন বটে এবং আপনারদিগেরও কিঞ্চিৎ২ পাণ্ডিত্য ছিল তথাপি তাঁহারদিগের সময়ে বিদ্যার প্রাদুর্ভাব হয় নাই বরং তিরোভাব হইয়াছিল । লোকেরা প্রাণপণে অন্যান্য বিষয়ে বুদ্ধিপ্রকাশ করিত ও অল্পজ্ঞানি অথচ পণ্ডিতাভিমানি ব্যক্তিরাই কেবল বাক্পটুতা অভ্যাস করিত ও বিতণ্ডাবাদিরাই সিদ্ধান্তবাগীশ ছিল ও ইতরলোকেরাই বিদ্যাভ্যাস করিত এবং সকলেই দুরাত্মা রাজার দিগের আজ্ঞাবহ ছিল । এইকালে বেস্পেশিয়ান্ ও ট্রেজান্ ও এড্রিয়ান্ ও মার্কস্ আরিলিয়স্ এই কএক রাজা প্রধান বিদ্যা বর্দ্ধক ছিলেন ও সেনেকা ও কনিষ্ঠ প্লিনি ও প্লুটার্ক ও লিউশিয়ান্ এবং ওরাইজেন্ ও ইউসিবিয়স্ এই কএক জন গ্রন্থকর্ত্তা ছিলেন ।

২ জিরূসালেম্ নগর ধ্বংস হওয়া পর্য্যন্ত জুড়িয়া দেশে জিউ জাতিরদিগের মধ্যে অনেক চতুষ্পাটী ছিল বিশেষতঃ বিথোরন্ ও জিরনিয়া এবং টাইবিরিয়াস্নামক স্থানে অনেক পাঠশালা ছিল গ্রীকেরদিগের ফিলাসফী বিদ্যা ও ভূম্যাদি পরিমাণবিদ্যা এবং অঙ্কবিদ্যা ও রাজনীতি ও বৈদ্যশাস্ত্র ও মায়াবিদ্যা এবং জ্যোতিষ বিদ্যা এই সকল ইজিপট্‌দেশের পাঠশালাতে শিক্ষা হইত ইহার মধ্যে আলেক্জাণ্ড্রিয়ানামক প্রধান পাঠশালা ছিল । তৎকালে গ্রীস্

দেশ মধ্যবর্ত্তি এথেন্‌ নগরস্থ সকল পাঠশালাতে বিদ্যার চর্চ্চা বিলক্ষণ ছিল এবং বেস্পেশিয়ান্‌ রাজা প্রথমে রাজভাণ্ডার হইতে রুম্‌নগর ও ইটালিদেশস্থ পাঠশালার ব্যয়ের আনুকূল্য করিয়াছিলেন। রুম্‌ নগরের পাঠশালার পরেই প্রধান পাঠশালা মিলন্‌ নগরে ছিল।

৩ আলেক্সাণ্ড্রিয়া নগরের পুস্তকাগার যাহা বিদ্বেষক লোকেরদিগের গোঁড়ামিপ্রযুক্ত নষ্ট হইয়াছিল ও কান্‌ষ্টাণ্টিয়স্‌কর্ত্তৃক স্থাপিত কান্‌ষ্টাণ্টিনোপল্‌ নগরের পুস্তকাগার যাহা জুলিয়ান্‌ রাজ কর্ত্তৃক ক্রমশঃ এমত বর্দ্ধিত হইয়াছিল যে অবশেষে তাহাতে এক লক্ষ বিংশতি সহস্র পুস্তক সংগৃহীত হইয়াছিল এবং আণ্টিয়ক্‌ নামক স্থানের পুস্তকাগার ও রুম্‌ নগরের পুস্তকালয় যাহার নাম ইডিস্‌ টাইবিরিয়ানা ছিল তাহা এবং কাপিটোলিনানামক পুস্তকাগার যাহাতে কনিষ্ঠ গার্ডিয়াম্‌ রাজার সময়ে ৬২০০০ পুস্তক ছিল এই পাঁচ পুস্তকাগার তৎকালে প্রধান ছিল।

১৭৩ পরে মার্কস্‌ আরিলিয়স্‌ আণ্টোনিনসের পুত্র কামোডস্‌ সিংহাসনোপবিষ্ট হইলেন তিনি অতিমূঢ় ছিলেন ও তাঁহাতে ধর্ম্ম এবং মনুষ্যত্বের লেশও ছিল না এবং ত্রয়োবিংশতি বৎসর রাজ্য করিয়া বিষপানে প্রাণত্যাগ করিলেন।

১৭৪ তাঁহার মৃত্যু হইলে পর ঐ নগরের প্রিফেকট্‌ অর্থাৎ রাজকর্ম্মাধ্যক্ষ হেলবিয়স্‌ পর্টিনাক্স্‌নামক এক ব্যক্তি ঐ শূন্য সিংহাসনোপবিষ্ট হইলেন তিনি নীচ কুলোদ্ভব হইয়াও আপন গুণেতে

অত্যুচ্চ পদপ্রাপ্ত হইয়াছিলেন। পরে রাজ্যের কুধারা নিবারণার্থে তাঁহার যে অত্যন্ত অভিলাষ ছিল সেই তাঁহার বিনাশক হইল যেহেতুক কামোডসের মৃত্যুর ৮৫ দিবসের পর তাঁহার এক জন রক্ষক তাঁহাকে বধ করিলেক।

১৭৫ পরে প্রিটোরিয়ান্ গার্ড অর্থাৎ রুম্ দেশীয় বিচারকর্ত্তারদের রক্ষকেরা ঐ সময়ে প্রকাশরূপে রাজত্ব বিক্রয় করিবার উপক্রম করাতে ডাইডিয়স্ জুলিয়ানস্নামক এক ব্যক্তি তাহা ক্রয় করিলেন কিন্তু অন্যং অনেকেই ঐ রাজত্বপ্রাপ্তির আকাঙ্ক্ষী হওয়াতে সেপ্টীমিয়স্ সিবিরস্নামক এক ব্যক্তি যিনি অধিক মূল্য দিতে স্বীকার করিয়াছিলেন তাঁহাকে আগষ্টস্ উপাধি দিয়া রাজপদে নিযুক্ত করিয়া ঐ জুলিয়ানসের মস্তক ছেদন করিলেক। পরে সিবিরসের স্বেচ্ছামত রাজকীয় নিয়ম হওয়াতে সেনেট্নামক মহাসভার প্রভুত্ব লোপ হইল।

টিপ্পনী। কামোড্সের সময়ে রুম্ দেশে যে সকল উপদ্রব আরম্ভ হয় তাহা ডাইওক্লিশিয়ানের রাজত্বের প্রথম পর্য্যন্ত ক্রমিক এক শত বৎসর থাকে ঐ এক শত বৎসরের মধ্যে এইং রাজারা রাজত্ব করিয়াছিলেন তাঁহারদিগের নাম হিলিও গেবেলস্ ও আলেক্সাণ্ডরসিবিরস্ ও মাক্সিমিনস্ ও গার্ডিয়ান্ ও ডিশিয়স্ ও গালস্ ও বালিরিয়ান্

ও গালিএনস্ ও ক্লাডিয়স্ ও আরিলিয়ান্ ও টাসিটস্ ও প্রোবস্ এবং কেরস্ এই সকলের মধ্যে আলেক্সাণ্ডর্ সিবিরস্ দয়ালু ও জ্ঞানী ও দাতা ছিলেন তাঁহার রাজত্ব ব্যতিরিক্ত ঐ সময়ের ইতিহাসে কোন উপদেশ বা আহ্লাদজনক সম্বাদ নাই।

১৭৬ পরে ডাইওক্লিশিয়ান্ রাজ্য চারি ভাগ করিয়া তাহার শাসনার্থে দুই জন সম্রাট ও দুই জন যুবরাজ নিযুক্ত করিয়াছিলেন এবং তাঁহার রাজত্বসময়ে জর্মনি দেশের উত্তর খণ্ডীয় লোকেরা রুমরাজ্য আক্রমণ করিতে আরম্ভ করিয়াছিল।

টিপ্পনী। রুম্ রাজ্যের অধিক আয়তন হওয়াতে রাজপরাক্রমের হ্রাস হইয়াছিল এই রাজস্থেরদের মধ্যে ঐ রাজ্যের বিনাশ হওনের অঙ্কুর পূর্ব্বেতেই জন্মিয়াছিল পরে গাথ্ ও বেণ্ডাল্ ও হন্ প্রভৃতি অসভ্য জাতিরদের আক্রমণ করাতেই শীঘ্র তাহার ধ্বংস হইল। পূর্ব্বোক্ত যেং অসভ্য জাতিরা রোমানেরদিগের কর্তৃক পূর্ব্বপ্রাপ্ত অপমানের প্রতিফল দেওনার্থে রুম্ রাজ্য আক্রমণ করিয়াছিল তাহারা জর্মনি দেশের যেং নানা স্থান রোমানেরা জয় করিতে পারেন নাই তাহাতে বাস করিত অথবা ইউরোপের উত্তরে এবং আশিয়ার উত্তর পশ্চিমে যে সকল দেশ আছে তাহাতে ডেন্ ও সুইড্ এবং পোল্ জাতিরা ও রুশিয়ানেরদিগের অধীন প্রজারা এবং টার্টারি দেশস্থ লোকেরা এইক্ষণে বসতি করে সেই সকল দেশে

তাহারদিগের বাস ছিল এবং অসভ্য লোকেরা মনের চাঞ্চল্যপ্রযুক্ত লুঠ করিবার আশায় বা নূতন স্থানে বসতি করিবার আশয়ে যেমত আপনং গৃহ পরিত্যাগপূর্ব্বক স্থানেং ভ্রমণ করে তদ্রূপ আশয়ে ঐ পূর্ব্বোক্ত অসভ্যেরা আপন দেশহইতে নির্গত হইয়াছিল।

ঐ সকল লোকেরা যুদ্ধসজ্জায় আপনারদিগের সমভিব্যাহারে স্ত্রী ও পুত্র এবং ভৃত্য ও গোবৎস প্রভৃতি লইয়া নূতন বাসস্থানে চ্ছুক লোকের ন্যায় দেশহইতে নির্গত হইতে লাগিল। অনন্তর ঐরূপ অনেকেই ভ্রমণ করিতে লাগিল অপর উহারা যে স্থান পরিত্যাগ করিয়া গিয়াছিল তাহাতে অন্যং দূর দেশীয় অসভ্য জাতিরা আসিয়া বসতি করিলেক ও যাহারা অগ্রে নির্গত হইয়াছিল তাহারা অন্য উর্ব্বরা ভূমিতে গিয়া বাস করিলেক এবং স্রোতের ন্যায় বর্দ্ধিষ্ণু হইয়া তাহারদিগের সম্মুখে যাহা পড়িত তাহা ভাসাইয়া অর্থাৎ অপহরণ করিয়া লইয়া যাইত তাহারা যে পথে যাইত সে পথ রক্তময় হইত এবং দেবস্ব কিম্বা অন্যের দ্রব্যাদি কিছু বিবেচনা না করিয়া যাহাতে দৃষ্টিপাত হইত তাহাই অপহরণ ও নষ্ট করিত।

১৭৭ অপর কান্‌ষ্টাণ্টিয়সের পুত্র শ্রেষ্ঠ উপাধি বিশিষ্ট কান্‌ষ্টাণ্টাইন্ পিতার মৃত্যুর পর সম্রাট হইলেন এবং রুম্ নগরহইতে বাইজান্‌শিয়ম্ নামক স্থানে রাজধানী স্থাপন করিয়া তাহার নাম কান্‌ষ্টাণ্টিনোপল্ রাখিলেন এবং ক্রিষ্টিয়ান্ ধর্ম্ম আপন রাজ্যে প্রচলিত করিলেন।

১৭৮ তাঁহার মৃত্যুর পর তাঁহার তিন পুত্র কান্‌ষ্টাণ্টিয়স্‌ও কান্‌ষ্টান্ন এবং কান্‌ষ্টাণ্টাইন্‌ এই তিন জনে রাজ্য বিভাগ করিয়া লইলেন কিন্তু শেষোক্ত দুই রাজপুত্র উভয়ে পরস্পর বিরোধ করিয়া হত হওয়াতে অতিশয় অহঙ্কৃত ও অবৈধ ধর্ম্মী এবং নিষ্ঠুর যে কান্‌ষ্টাণ্টিয়স্‌ তিনি একাকী রাজত্ব করিতে লাগিলেন।

১৭৯ পরে তাঁহার পর জুলিয়ান্‌ রাজা হইলেন তাঁহার উপাধি স্বধর্ম্মত্যাগী ছিল যেহেতুক তিনি ক্রিষ্টিয়ান্‌ ধর্ম্ম লোপ করণের চেষ্টা করিয়াছিলেন।

১৮০ অপর জুলিয়ান্‌ পঞ্চত্বপ্রাপ্ত হইলে সৈন্যেরা তাঁহার প্রধান ভৃত্য জোবিয়ান্‌কে রাজ পদে অভিষেক করিল কিন্তু তাঁহার অকস্মাৎ মৃত্যু হইয়াছিল।

টিপ্পনী। জুলিয়স্‌ সিসার অবধি জোবিয়ান্‌ পর্য্যন্ত যেং রাজা রূম্‌দেশাধিপতি হইয়াছিলেন তাঁহারদিগের নাম ও প্রত্যেকের রাজ্য শাসনারম্ভের শক এবং কতকালপর্য্যন্ত রাজ্য ভোগ করেন তাঁহার বৃত্তান্ত নীচে লিখা যাইতেছে।

| রাজারদিগের নাম | রাজ্যশাসনেরকালনিরূপণ | খ্রীষ্টজন্মেরপূর্ব্বে |
|---|---|---|
| জুলিয়স্ সিসার্ | ১৬ | ৪৬ |
| আগষ্টস্ | ৪৩ | ৩০ |
| | | খ্রীষ্টজন্মের পরে |
| টাইবিরিয়াস্ | ২২ | ১৪ |
| বেস্পেশিয়ান্ | ১০ | ৬৯ |
| টাইটস্ | ৩ | ৭৮ |
| ডোমিশিয়ান্ | ১৫ | ৮১ |
| নর্বা | ১ | ৯৬ |
| ট্রেজান্ | ১৯ | ৯৭ |
| এড্রিয়ান্ | ২১ | ১১৬ |
| আণ্টোনিনস্পাইয়স্ | ২৩ | ১৩৭ |
| আরিলিয়স্ | ১৯ | ১৬১ |
| কামোডস্ | ১৩ | ১৮০ |
| পর্টিনাক্স্ | ১ | ১৯৩ |
| সিবিরস্ | ১৭ | ১৯৪ |
| কারেকালা | ৭ | ২১১ |
| হিলিওগাবেলস্ | ৪ | ২১৮ |
| আলেক্সাণ্ডর্ | ১৩ | ২২২ |
| মাক্সিমিনস্ | ৩ | ২৩৫ |
| কনিষ্ঠগার্ডিয়ান্ | ৬ | ২৩৮ |
| কালিগিউলা | ৪ | ৩৬ |

| রাজারদিগের নাম | রাজশাসনের কালনিরূপণ | ক্রাইষ্টজন্মের পরে |
|---|---|---|
| ক্লাডিয়স্ | ১৪ | ৪০ |
| নিরো | ১৪ | ৫৪ |
| গাল্বা এবং ওথো | ১ | ৬৮ |
| ফিলিপ্ | ৫ | ২৪৪ |
| ডিশিয়স্ | ২ | ২৪৯ |
| গালস্ | ৩ | ২৫১ |
| গালিএনস্ | ১৪ | ২৫৪ |
| ক্লাডিয়স্ | ২ | ২৬৮ |
| আরিলিয়ান্ | ৫ | ২৭০ |
| টাসিটস্ | ১ | ২৭৫ |
| প্রোবস্ | ৬ | ২৭৬ |
| নিউমিরিয়ান্ | ২ | ২৮২ |
| ডাইও ক্লিশিয়ান্ | ২০ | ২৮৪ |
| কান্ষ্টাণ্টাইন্ক্লোরস্ | ৩ | ৩০৪ |
| শ্রেষ্ঠউপাধিবিশিষ্টকান্ ষ্টান্টাইন্ | ৩০ | ৩০৭ |
| দ্বিতীয় কান্ষ্টাণ্টিয়স্ | ২৪ | ৩৩৭ |
| জুলিয়ান্ | ২ | ৩৬১ |
| জোবিআন্ | ১ | ৩৬৩ |

১৮১ অপর ক্রমরাজ্যের রাজসিংহাসন দশ দিবস পর্য্যন্ত অস্বামিক ছিল পরে বালেন্টিনিয়ান্নামক এক ব্যক্তি যিনি পূর্ব্বে আফ্রিকা

মহাদ্বীপে এবং ব্রিটেন্ উপদ্বীপে আপন গুণে সেনাপতি হইয়াছিলেন তাঁহাকে সৈন্যেরা ঐ সিংহাসনাভিষিক্ত করিলেক তিনি আপন ভ্রাতা বালেনস্কে ঐ রাজ্যের পূর্ব্বাংশ দিয়া উভয়ে সৌহৃদ্য পূর্ব্বক আপনি পশ্চিম ভাগ লইয়া রাজত্ব করিতে লাগিলেন।

১৮২ পরে আর্কেডিয়স্ এবং অনোরিয়স্ নামক থিয়োডোশিয়সের দুই পুত্রের মধ্যে রুম্‌রাজ্য বিভক্ত হইল তাহাতে আর্কেডিয়স্ পূর্ব্বভাগে রাজত্ব করিলেন এবং অনোরিয়স্ পশ্চিম রাজ্যের অধিপতি হইলেন।

১৮৩ পরে গাথ্‌জাতিরা আলারিকের কর্তৃত্বাধীন হইয়া ইটালিদেশ আক্রমণ করিল এবং এই ক্ষণে কাসাক্ নামে খ্যাত যে হন্‌নামক অসভ্য জাতিরা তাহারা চাইনাদেশের প্রান্ত ভাগহইতে নির্গত হইয়া রুম্‌রাজ্যের পূর্ব্ব এবং পশ্চিম ভাগের তাবৎ দেশ উচ্ছিন্ন করিল তাহাতে ত্বরায় ঐ রাজ্যের পতন হইল।

১৮৪ অনন্তর ইহার অব্যবহিত পরেই উত্তর দেশের অসভ্য জাতিরদিগের আর এক দল আসিয়া উপস্থিত হইল এবং তাহারদিগের মধ্যে ওডো–

এসর্ নামক এক ব্যক্তি পশ্চিম রাজ্য বিনাশ করত ক্রিষ্টিয়ান্ ৪৭৬ শকে আগষ্টিউলস্কে রাজ্যচ্যুত করিয়া আপনি রাজা হইলেন।

১৮৫ অপর লাম্বার্ড জাতিরা আষ্ট্রোগাথের দিগকে ইটালি দেশহইতে বহিস্কৃত করিয়া আপনারা ক্রমশঃ এক বিংশতি জন রাজত্ব করিলেন কিন্তু ইঁহারদিগের মধ্যে যিনি সকলের শেষে রাজা হইয়াছিলেন তাঁহাকে ক্রিষ্টিয়ান্ ৭৭৪ শকে সারল্মেন্নামক ফ্রান্স দেশাধিপতি যুদ্ধে পরাভূত করিয়া কারাগারে বদ্ধ রাখিলেন।

টিপ্পনী। মনুষ্যেরা কোন সময়ে অত্যন্ত দুঃখ পাইয়াছিল ইহা যদি আমারদিগের পৃথিবীর ইতিহাসানুযায়ি নির্ণয় করিতে হয় তবে নিঃসন্দেহে আমরা কহিতে পারি যে ক্রিষ্টিয়ান্ ৩৯৫ শকে শ্রেষ্ঠ উপাধি বিশিষ্ট থিয়োডোশিয়সের মৃত্যুর পর অবধি ক্রিষ্টিয়ান্ ৫৭১ শকে ইটালি দেশে লাম্বার্ডেরদিগের রাজ্য স্থাপনপর্য্যন্ত এই সময়েই লোকেরা অত্যন্ত ক্লেশ পাইয়াছিল। তৎকালীন যেং ইতিহাসবক্তারা ঐ সকল উপদ্রব প্রত্যক্ষতো দেখিয়াছিলেন তাঁহারা উপযুক্ত বাচ্যাভাবে তত্তৎব্যাপারবর্ণনে অক্ষম হইয়াছেন। ঐ সকল নিষ্ঠুর দুরাচারিরদের মধ্যে এইং ব্যক্তিরা প্রধান ছিল যথা আটিলা ও আলারিক্ ও জেন্সিরিক্ প্রভৃতি তাঁহারদিগকে ঐ ইতিহাসবক্তারা ঈশ্বরের কোপের চিহ্ন ও পরমেশ্বর বৈমুখ্য ও প্রজানাশক ইত্যাদি উৎকট উপাধি দিয়া বর্ণন করেন।

১৮৬ তদনন্তর ক্রিষ্টিয়ান্ ৯৫৩ শক অবধি ১৪৫৩ শক পর্য্যন্ত পূর্ব্ব খণ্ডের রাজ্য পৃথক্ এবং স্বাধীন ছিল পরে টর্ক জাতীয় রাজা দ্বিতীয় মাহমেট্ কান্‌ষ্টাণ্টিনোপল্ নগর স্বায়ত্ত করিলেন এবং রোমানেরদিগের শেষ রাজা কান্‌ষ্টাণ্টাইন্ পালিওলোগসেকে বধ করিলেন।

টিপ্পনী। পূর্ব্বোক্ত সময়ের শেষ সহস্র বৎসরের মধ্যে বিদ্যার অতিশয় হ্রাস হইয়াছিল গ্রীক দেশীয় বিচক্ষণতা লোপ পাইয়াছিল এবং লোকেরদিগের দুরাচার বর্ণনে ইতিহাস পরিপূর্ণ ছিল। তৎকালে ধনিরদিগের অত্যন্ত সুখভোগিতা ও ইতর লোকেরদের অধর্ম্মে মতি ও আত্মবিরোধ এবং যাজকেরদিগের অত্যন্ত প্রগল্ভতা এই সকল কারণে তদ্দেশে ঐরূপ দুরবস্থা উপস্থিত হইয়াছিল দ্বিতীয় থিয়োডোশিয়স্ ও লিও ইশারিকস্ ও প্রথম যষ্টিন্ ও সারল্‌মেন্ ও চতুর্থ লিও এবং নবম কান্‌ষ্টাণ্টাইন্ এই কএক জন তৎকালে প্রধান বিদ্যাবর্দ্ধক ছিলেন। এবং হিপোনগরের ধর্ম্মাধ্যক্ষ যে আফ্রিকাদেশীয় আষ্টিন্‌নামক এক ব্যক্তি তিনি ও বোইথিয়স্ ও কাসিডোরস্ ও হিস্পানা দেশীয় আইসিডোর্ ও বিডি ও আল্‌শিয়ান্ ও ফোটিয়স্ এবং মাইকেল্‌সেলস্ এই কএক ব্যক্তির গ্রন্থ তৎকালে সকলেই মান্য করিত। ব্যাকরণ ও ন্যায় ও অলঙ্কার ও বাদ্য এবং সঙ্গীতবিদ্যা ও গণিতবিদ্যা ও ক্ষেত্রপরিমাণবিদ্যা এবং খগোলবিদ্যা এই কএক শাস্ত্র তাবৎ বিদ্যালয়ে সচরাচর অধ্যয়ন হইত। ব্যাকরণ ও ন্যায় এবং অলঙ্কার এই তিন বিদ্যার অধ্যয়নকে লোকেরা সহজ জ্ঞান করিত। এবং বাদ্য ও সঙ্গীত

বিদ্যা ও গণিত শাস্ত্র ও ক্ষেত্রপরিমাণ বিদ্যা ও খগোল বিদ্যা এই চারি বিদ্যার অধ্যয়নকে দুরূহ বোধ করিত। এই সময়ে আরব্য ভাষার বিস্তর আলোচনা হইয়াছিল এবং আরব্ লোকেরদের মধ্যে বৈদ্যক শাস্ত্রের অতিশয় অনুশীলন ছিল। ক্রিষ্টিয়ান্ ১০৩৬ শকে আফ্সানাদেশে আবিশেনানামক এক ব্যক্তির জন্ম হয় তিনি গণিত ও ক্ষেত্রপরিমাণ বিদ্যা ও ফিলাসফী বিদ্যা ও চিকিৎসা বিদ্যা এই কএক বিদ্যাতে বিচক্ষণ ছিলেন। থিয়োডোশিয়স্ যে রাজকীয় নিয়ম করেন তাহা এই সময়ে প্রচরিত হয়। তদনন্তর ন্যূনাতিরিক্ত এক শত বৎসর পরে জষ্টিনিয়ান্‌কর্ত্তৃক অন্য এক প্রকার রাজকীয় ব্যবস্থা সংগৃহীতা হয়।

২ ক্রিষ্টিয়ান্ ছয় শত শকাবধি ছয় শত পঞ্চাশ শকের মধ্যে মহম্মদের ধর্ম্ম পৃথিবীর পূর্ব্ব খণ্ডে স্থাপিত হওয়াতে রাজ্য সংক্রান্ত এবং ধর্ম্মসংক্রান্ত এক উপপ্লব উপস্থিত হয় এই ধর্ম্ম অতি অল্প কালের মধ্যে পৃথিবীর পূর্ব্ব ভাগে এবং পশ্চিম ভাগের কিয়দংশে বিস্তৃত হইয়াছিল এবং আরব্ দেশীয় সিদ্ধপুরুষের বাক্য এবং ব্যবস্থা আবুবেকর্ কর্ত্তৃক নিয়মিতরূপে সংগৃহীত হইয়া আল্‌কোরান্ কিম্বা কোরান্‌নামক যে পুস্তক প্রস্তুত হইয়াছিল তাহাতে ঐ ধর্ম্মের মত প্রচার আছে এবং মহম্মদের মতাবলম্বিরা ঐ গ্রন্থ কেবল হাতের লেখাতেই ব্যবহার করে ও বিস্তর পরিশ্রম ও যত্নপূর্ব্বক পরিপাটীরূপে তাহার আদর্শ করে। ক্রিষ্টিয়ান্ ৫৭০ শকে মক্কা দেশে মহম্মদের জন্ম হয়। তিনি প্রথমাবস্থায় ডামাস্কস্ এবং মক্কা দেশের মধ্যে সূতের কর্ম্ম করিতেন। তিনি অষ্টাবিংশতি বৎসর বয়ঃক্রমে কাডিগা নাম্নী এক ধনাঢ্যা বিধবাকে বিবাহ করিলেন তদনন্তর

ধর্ম্মানুষ্ঠান আরম্ভ করত মক্কার নিকটবর্ত্তি এক গহ্বরে বহুকাল অবস্থিতি করিয়া পারস্যদেশীয় এক জন জিউ আর দুই জন ক্রিষ্টিয়ান্ ইহারদিগের সহায়তাতে কোরান্নামক গ্রন্থ সংগ্রহ করিয়া ৪° বৎসর বয়সে আপনাকে ঈশ্বরের প্রেরিত বলিয়া ব্যক্ত করিলেন। তিনি ঐ রূপ প্রতারণা করণপ্রযুক্ত ক্রিষ্টিয়ান্ ৬২২ শকে মক্কাহইতে বহিষ্কৃত হইয়া মেদিনা নগরে পলায়ন করিলেন ইহাতে হিজীরিনামক প্রসিদ্ধ শকের সৃষ্টি হইল তদ্দ্বারা তাঁহার মতাবলম্বি লোকেরা আপনারদিগের শক গণনা করে। পরে তিনি আরব্ দেশ সমস্ত ত্বরাতেই জয় করিয়া অবশেষে সাইরিয়া এবং আশিয়ার অন্যং দেশও হস্তগত করিলেন। অনন্তর ক্রিষ্টিয়ান্ ৬৩২ শকে ৬২ বৎসর বয়ঃক্রমে তাঁহার অকস্মাৎ মৃত্যু হইল। অপর তাঁহার মতাবলম্বী সারাসেন্ ও টর্ক্জাতীয় লোকেরা আশিয়া মাইনর্ ও গ্রীস্ ও থ্রেস্ ইত্যাদি দেশে রোমানেরদিগের যে অবশিষ্ট অধিকারের চিহ্ন ছিল তাহাও নষ্ট করিয়া ঐ সকল দেশে অদ্যাবধি রাজত্ব করিতেছে।

৩ যদবধি ঐ অসভ্যেরা অর্থাৎ টর্ক জাতীয় লোকেরা কান্‌ষ্টাণ্টিনোপল্ নগর অধীন করিয়া ক্রিষ্টিয়ান্ ১৪৫৩ শকে রুম্রাজ্যের পূর্ব্ব খণ্ডে বসতি করিয়াছিল তদবধি জর্মনি দেশীয় ভূপতির রুমীয় মহারাজ উপাধি হইয়াছে কিন্তু সে নামমাত্র।

৪ সাধারণ রাজকর্ত্তৃত্বের প্রথম অবস্থায় রোমানেরা যুদ্ধ ও রাজনীতি এবং কৃষিকর্ম্ম এই কএক বিদ্যাই কেবল মান্য করিয়া অভ্যাস করিত কিন্তু তদ্ভিন্ন সাংসারিক সুখজনক বিষয়ে তাহারা নিতান্ত অনবধান ও হেয়জ্ঞান করিত পরে কার্থেজ্ রাজ্যের পতন

হইলে ভিন্ন জাতীয় শত্রুভয়হইতে নিশ্চিন্ত হইয়া স্বচ্ছন্দতার মধুর রসাস্বাদন করত রোমানেরা নানাবিধ শিল্পবিদ্যার অনুশীলন করিতে লাগিল অপর গ্রীস্‌দেশ জয় করাতে তাবৎ দুষ্প্রাপ্য ও আশ্চর্য্য এবং উত্তম দ্রব্য তাহারদিগের হস্তগত হইল। এবং তদনন্তরেই আশিয়া জয় করিয়া তাহার সমুদয় বিদ্যা ও উত্তমং দ্রব্যাদি প্রাপ্ত হওয়াতে যে রোমানেরা পূর্ব্বে নিতান্ত সুখাভিলাষ রহিত ছিল তাহারা অতি অল্পকালেই পৃথিবীস্থ তাবৎ বিদ্যা ও সুখজনক ব্যাপার এবং পারিপাট্য অবগত হইল। তাহারা উচ্চ পদ ও সম্ভ্রমপ্রাপ্তির প্রধান কারণ সদ্বক্তৃতা ইহা জ্ঞান করিয়া তাহার অনুশীলন সদা করিত। সদ্বক্তৃতা বিষয়ে সিসিরো কেবল ডিমাস্থিনিস্ অপেক্ষায় কিঞ্চিৎ ন্যূন ছিলেন এবং কাব্য শাস্ত্রে হোমরই কেবল বর্জিল্‌হইতে শ্রেষ্ঠ ছিলেন হোমরের কবিতা ডিমাস্থিনিসের গদ্যের ন্যায় উপমারহিত বোধ হয়। কিন্তু হোরেসের যে সকল শ্লেষোক্তি এবং নানাবিধ লিপি তাহাই কেবল গ্রীকেরদের ধারামত ছিল না এবং তদনুরূপ রচনার সাদৃশ্য অদ্যাপি হয় নাই ও ইতিহাস বিষয়ে লিবি এবং টাসিটস্ রুম্‌জাতীয় লোকেরদিগের শ্লাঘার স্থল ছিলেন।

৫ পরে গাথ্ এবং লাম্বার্ড জাতিকর্তৃক রুম্‌নগর আক্রমণাবধি ইউরোপের মধ্যে গাথ্ জাতিরদিগের এমত ঘোরতর নিষ্ঠুরতা প্রকাশ হইল যে তাহা শ্রবণাদিতে খেদ উপস্থিত হয় এবং তৎকালে শাস্ত্রাদির আলোচনা ও তদ্বিষয়ে বিচক্ষণতা প্রায় লোপ পাইয়াছিল। উচ্চ পদাভিষিক্ত ব্যক্তিরাও লিখনপঠনে অক্ষম ছিলেন। এবং যাজকেরদিগের মধ্যে অনেকেই যে সকল

স্তবাদি প্রতিদিন পাঠ করিতে হইত তাহার অর্থ কিছুমাত্র বুঝিতেন না কেহ২ তৎপঠনেও প্রায় অশক্ত ছিলেন অমনোযোগপ্রযুক্ত ও বিদ্যার অনুশীলন না থাকাতে এবং অত্যাচারের ভরে ভারাক্রান্ত হইয়া লোকেরদিগের মন অত্যন্ত মূর্খতায় মগ্ন হইয়াছিল কিন্তু ক্রিষ্টিয়ান্ ৯০০ শকের প্রথমে ফ্রান্ ও জর্মনি দেশে এবং ইটালির কিয়দংশে রাজত্ব করিয়াছিলেন যে শারল্‌মেন্ তিনি এবং ঐ নয় শত বৎসরের শেষে রাজত্ব করিয়াছিলেন যে ইংগ্লণ্ডদেশীয় রাজা শ্রেষ্ঠ উপাধিবিশিষ্ট আল্‌ফ্রেড্ এই উভয় রাজা নিজ বুদ্ধিদ্বারা ঐ মূর্খতা দূরীকরণ করিতে এবং স্বীয়২ প্রজাগণকে কিঞ্চিৎ জ্ঞানজ্যোতিঃ প্রদান করিতে উদ্যোগ পাইয়াছিলেন কিন্তু তৎকালে লোকেরা এতাদৃশ অজ্ঞানরূপ অন্ধকারে আচ্ছন্ন ছিল যে ইঁহারদিগের ঐ রূপ চেষ্টা ও বিদ্যালয়াদির স্থাপন ব্যর্থ হওয়াতে বরং ঐ অন্ধকারবৃদ্ধি হইল এবং ক্রিষ্টিয়ান্ ১০০ শকাবধি ১৪৩০ শক পর্য্যন্ত অতিশয় মূর্খতায় ও অসভ্যতায় ইউরোপ মগ্ন হইয়াছিল।

---

## নব্য ইতিহাস।

### জর্মনি দেশের বৃত্তান্ত।

১৮৭ জর্মনি দেশের মধ্যে রাজারা স্বীয়২ রাজ্যে ঐকাধিপত্য করেন এমত অনেক স্বাধীন রাজ্য আছে কিন্তু তাহারদিগের সকলের সম্মিলনে রাজনীতিবিষয়ে যে এক সভা হয় তাহাতে জর্মনি

দেশীয় অধিরাজকে তাঁহারা প্রধান করিয়া মানেন ।

১৮৮ পূর্ব্বে নয় জন রাজারা মনোনীত করিয়া সম্রাট অভিষিক্ত করিতেন ঐ নয় জনের নাম ইলেকটর্ অর্থাৎ বাছনিকর্ত্তা । মেণ্টজ্ ও ট্রেবেস্ ও কলঞ্জ এই তিন রাজ্যের প্রধান ধর্ম্মাধ্যক্ষেরা এবং বোহিমিয়া ও সাক্সনি ও ব্রান্‌ডেন্‌বর্গ ও পালাটিনেট্ ও বাবেরিয়া ও হানোবর্ এই ছয় রাজ্যের ইলেকটরেরা ঐ সম্রাট অভিষিক্ত করণের কর্ত্তা ছিলেন ।

১৮৯ সম্রাট অথবা তাঁহার প্রতিনিধি এবং ইলেকটোরল্ কালেজ্ ও কালেজ্ আব্ প্রীন্‌সেজ্ এবং কালেজ্ আব্ ইম্‌পিরিএল্ টউনস্ এই কএক সভাসম্পাদকেরা একত্র হইয়া যেডাইয়ট্‌নামক রাজকীয় মহাসভা হইত তাহাতেই জর্মনি দেশের রাজপরাক্রম অর্পিত ছিল ।

১৯০ সর্ব্ব সাধারণ রাজকীয় ব্যবস্থা ও রাজকীয় তাবৎ ব্যাপারের বিবেচনা করা ইলেকটোরল্ কালেজের এবং কালেজ আব্ প্রীন্‌সেজের নির্দ্দিষ্ট কর্ম্ম ছিল ।

১৯১ ঐ ব্যক্তিরা একত্র হইয়া কোন বিষয় নির্দ্ধারিত করিলে তাহা কালেজ্ আব্‌ফিরিসিটিতে বিবেচনা হইয়া যদ্যপি ঐ কালেজস্থেরদিগের তদ্বিষয়ে সম্মতি হইত তবে তাহা সমুদয় রাজ্যে প্রচলিত হওনের যোগ্য হইত।

১৯২ পরে ঐ বিষয়ে সম্রাটের সম্মতি হইলে তাহা সর্ব্ব সাধারণ ব্যবস্থা হইত কিন্তু তিনি অস্বীকার করিলে অগ্রাহ্য হইত।

১৯৩ বাছনিকর্ত্তারদিগের দ্বারা জর্ম্মনি দেশীয় সম্রাট অভিষিক্ত হইতে আরম্ভ হইলে কান্‌রেড্ নামক এক ব্যক্তি যিনি ফ্রাঙ্কোনিয়া দেশের কৌণ্ট ছিলেন তিনি প্রথম সম্রাট্ হয়েন তাঁহার রাজত্ব কালে ক্রমিক উপদ্রব হইয়াছিল পরে খ্রিষ্টিয়ান্ ৯১৯ শকে তাঁহার মৃত্যু হইল।

১৯৪ ফোলর্ অর্থাৎ ব্যাধ উপাধিবিশিষ্ট হেন্‌রিনামধেয় এক ব্যক্তি তাঁহার পর সম্রাট হই লেন। ইঁহাকে ঐ কান্‌রেড্ জর্ম্মনি দেশীয় লোকের দিগের নিকট সমর্পণ করিয়া দিয়াছিলেন ঐ হেন্‌রির অসাধারণ ক্ষমতাপ্রযুক্ত জর্ম্মন্ রাজ্য পুনর্ব্বার সুশাসিত হইল।